Ananda Varta

BENGALI & ENGLISH

Vol. VII November, 1959 No. 3

MĀTRI VĀNI

IN

ENGLISH TRANSLATION

With a foreword by

Dr. Gopinath Kaviraj, M A., D. Litt.

Price Re 1·25 only

It contains a rare selection of Shree Ma's sayings, pearls of wisdom, that were uttered in reply to letters from various people.

Some opinions :

Mr. Richard Lannoy, the well-known English Photographer and author of two remarkable books :—

"This is how it should be done, clear-cut, clean and well printed. How beautifully translated and arranged! The choice is really excellent. There is a kind of fragrance, a rhythm like a small stream coming down a mountain side with sun on pebbles and grasses. The comforting words for the afflicted are very fine and rendered into English excellently."

Mrs. Theodora Duncan, California :—

"Every one who received one here is delighted with it. Short, pungent ideas are most needed by us busy Americans. The book is small enough to be tucked into a man's pocket or a woman's purse, which is another great advantage."

Mr. D. S. Thapar, Advocate, Jullunder :—

"This little book is a light-house in the dark sea of life, showing the path that leads to the Goal. Every question that crops up in the mind has been answered and every doubt that disturbs it rewarded by means that helps to achieve the End."

Ānanda Vārtā

A quarterly journal dealing mainly with the divine life and teachings of Shree Shree Ma Anandamayee and other

Important

As fresh Subscription Registers are being prepared, all of our subscribers are specially requested to intimate to us any change in their addresses immediately.

Managing Editor

Sri Amulya Kumar Dutta Gupta, M.A., B.L.

Sri K. Bose—*Managing Editor.*

* * * * * * *

Annual subscription (postage free) India—Rs. 5·00

Foreign—Rs. 6·00 or 10 shillings or dollar 1·25 only.

MĀTRI VĀNI

IN

ENGLISH TRANSLATION

With a foreword by

Dr. Gopinath Kaviraj, M A., D. Litt.

Price Re 1·25 only

It contains a rare selection of Shree Ma's

delighted with it. Short, pungent ideas are most needed by us busy Americans. The book is small enough to be tucked into a man's pocket or a woman's purse, which is another great advantage.''

Mr. D. S. Thapar, Advocate, Jullunder :—

''This little book is a light-house in the dark sea of life, showing the path that leads to the Goal. Every question that crops up in the mind has been answered and every doubt that disturbs it rewarded by means that helps to achieve the End.''

Ananda Vārtā

A quarterly journal dealing mainly with the divine life and teachings of Shree Shree Ma Anandamayee and other religio-philosophical topics.

Board of Editors

Annual subscription (postage free) India—Rs. 5·00
Foreign—Rs. 6·00 or 10 shillings or dollar 1·25 only.

ĀNANDA VĀRTĀ

GENERAL RULES

The magazine is published in three separate editions—Hindi-English ; Bengali-English ; purely English—in the months of May, August, November and February. The year begins from May.

Subscriptions are always payable in advance. Foreign subscriptions may be sent either by International Money orders or Postal orders.

Complaints about non-receipt of the magazine should be sent to this office *latest by the second week.*

All correspondence regarding 'Ananda Varta' should be addressed to :—

The Managing Editor, "Ananda Varta", Shree Shree Ma Anandamayee Ashram, Bhaḍaini, Varanasi, (U P.).

Subscriptions to be sent to :—

The General Secretary, Shree Shree Anandamayee Sangha, Bhadaini, Varanasi, (U.P.)

Contents

Bengali Section

Contents

English Section

Printed & Published by K. Bose for
Shree Shree Anandamayee Sangha, Varanasi,
at the Kamala Press, Godhowlia, Varanasi.

ĀNANDA VĀRTĀ

অমর আত্মা—অমর-পন্থী স্বয়ম্—আপনাতে আপনি।

VOL. VII] NOVEMBER. 1959. [NO. 3

—মাতৃ-বাণী—

"দেখ গোলাপটি তুলতে হলে অনেক কাঁটার মধ্য দিয়ে হাত বাড়াতে হয়। কিন্তু গোলাপটির দিকে লক্ষ্য থাকলে আর সেটা তুলবার তীব্র আকাঙ্ক্ষা থাকলে কেউ কাঁটার ভয়ে ফিরে যায় না। আর যার পক্ষে যা ব্যবস্থা মাই তার ব্যবস্থা করেন। কার পক্ষে কি ব্যবস্থা দরকার সেটা মাই ত জানেন। এই বিশ্বাসটুকু যদি থাকে তবে আর কোনও দুঃখের কারণ হয় না।"

* * * *

"কৃপা ত তিনি সর্ব্বদাই করছেন। শুধু বুঝবার অধিকারী হওয়ার জন্য তাঁর দিকে লক্ষ্য করে বসে থাকতে হয়।"

* * * *

"আনন্দময়ী মা কে? আনন্দময়ই বা কে? তিনি ঘটে পটে সর্ব্ব হৃদয়ে নিত্য বিরাজিত। সর্ব্বত্রই তাঁর বাস। তাঁকে দেখলে তাঁকে পেলেই সব দেখা যায়, সব পাওয়া যায়। অর্থাৎ নির্ভয়, নিশ্চয়, নির্দ্বন্দ্ব, অব্যয়, অক্ষয় হওয়া।"

* * * *

"বিদেশে থাকলেই দুঃখ। আপন ঘরে আপন জনের কাছে থাকলে আনন্দ। তাই আপন ঘর আপন জনকে খোঁজ। বিদেশে কতদিন আর থেকে কষ্ট পাবে?"

* * * *

"তুমি বুঝি ভেবেছ মুক্ত হয়েছ? আসল মুক্তির জন্য—তাঁর জন্য একটু সময় দিতে হয়। যদি তাঁরই সেবা তিনি করিয়ে নিচ্ছেন—এই ভাবটি রাখা যায় তবে বন্ধনের কারণ হয় না। তা না হলেই প্রশংসা প্রতিষ্ঠার ভাব জেগে ওঠে। সেবাও তিনি, সেবকও তিনি, সেব্যও তিনিই। এক ভিন্ন দুইত নাই-ই।

* * * *

কে আবার কোথায় চলে যায় বা কোথা থেকে আসে? এই শরীরটার কাছে ত আসা যাওয়া নেই। তখনও যা, এখনও তা। মরা বাঁচা আবার কি? মারা গিয়েও যে আছেই তার মধ্যে আর কি কথা?"

"ভাসিয়া যাওয়া সহজ। নিজকে ধরিয়া রাখা কঠিন। যে পারে সে-ই দশজনের লাইন ধরিয়া গড়াগড়ি না দিয়া মাথা উচু করিয়া চলিতে পারে।"

"মা"

শ্রীশ্রীমায়ের সহিত প্রশ্নোত্তর

নীলমণি

প্রঃ—সৎসঙ্গে কে কার সঙ্গে সঙ্গ করে ?

উঃ—তুমি তোমার সঙ্গে সঙ্গ কর।

প্রঃ—উদ্দেশ্য ?

উঃ—সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপের প্রকাশের জন্য। তোমার স্বরূপ প্রকাশের জন্য সৎসঙ্গ করা।

প্রঃ—আমার কোন্ সত্তা কোন্ সত্তার সঙ্গে সঙ্গ করছে ?

উঃ—তোমার অনন্ত সত্তা। তোমার অবিদ্যা-শক্তি বিদ্যা-শক্তির সঙ্গে সঙ্গ করছে। তোমার বহির্মুখী শক্তিকে গুটিয়ে পরাশক্তির সঙ্গে সঙ্গ।

প্রঃ—সৎ-সঙ্গ কি শ্রদ্ধার সঙ্গে করা উচিত ?

উঃ—নিশ্চয়। তুমি তো শ্রদ্ধারূপেও আছ।

প্রঃ—সৎ-সঙ্গ তো সচেতন হয়ে করা উচিত ?

উঃ—সচেতন হওয়ার জন্য সৎ-সঙ্গ করা। অচেতন থেকে সচেতন হওয়া।

প্রঃ—"মহাজনো যেন গতঃ স পন্থা।" এর মানে কি ?

উঃ—তোমার মধ্যে যে মহাজন নিত্যস্থিত। মহাজন কোন লোক নয়, বাইরের কেউ নয়। যিনি তিনিই। ভিতরের মহাজন যাকে মহাজন বলে মানে তাঁর পথ অনুসরণ কর। মহাজন যে স্বয়ংপ্রকাশ। তিনি কে বলে দিতে হয় না। তোমার ভিতরে যে মহাজন আছেন, তাঁর প্রকাশ তুমি পাও কি? তবে প্রশ্ন কেন? যেটা প্রত্যক্ষ সেটা বল। তোমার ভিতরে যে মহাজন রয়েছেন, তাঁর প্রকাশ হওয়া দরকার। আমি যন্ত্র, তিনি চালাচ্ছেন, তা যদি বল, তবে ঠিক। মহাজনের উপলব্ধি হলে প্রশ্ন থাকে না। কিন্তু তাঁকে ধরতে না পারলে বাইরের মহাজন দরকার। মুনিদের মধ্যে যিনি মহান্ মুনি, যিনি মহাপুরুষ বা অবতার ইত্যাদি, তিনি যা বলেন, যে পথে যান, সেই পথ। গুরু ধারণ

কেন করতে হয় জান? গুরু যে অন্তর্য্যামী রূপে রয়েছেন তাঁকে ধরবার জন্য বাইরের গুরুবরণ দরকার। তেমনই তোমার মহাজন ধারণ। যদি বল, তাঁকে চেনা যায় কি করে?......যখন সময় হয় তিনি ধরা দেন। ব্যাকুলতা থাকলে তিনি চিনিয়ে দেন, বুঝিয়ে দেন, ধরা দেন। অবশেষে কি হল? তোমাকেই তুমি পাচ্ছ। তোমার ভিতরকার মহাজনের প্রকাশ হয়। তখন বোঝা যায় যে আমার মহাজন এই এইরূপে প্রকাশিত। তিনি স্বয়ং ধরা না দিলে ধরা যায় না।

প্রঃ—ব্যাকুলতার প্রকাশ খুব হলে কি প্রারব্ধ কাটে?

উঃ—কুল না পেলে প্রারব্ধ কাটে না। ব্যাকুলতাটা রাস্তা, সেটা প্রাপ্তি নয়। প্রাপ্তির রাস্তা। ব্যাকুলতারও মাত্রা রয়েছে।

প্রঃ—মা কাকে বলে ও মায়ের লক্ষণ কি?

উঃ—মা কাউকে বলে না। মাই মা। সন্তান হলে মায়ের লক্ষণ বুঝতে পারে।

প্রঃ—সন্তান হলে মাকে বোঝা যায়, না, মা হলে মাকে বোঝা যায়?

উঃ—দুইই। শাবল দিয়ে মাটি কাটলে শাবল ঢুকলে মাটি কাটলো বললে, না, মাটি কাটলো বলে শাবল ঢুকলো বলবে? তেমনই ছাওয়ালের মাটিকে পাওয়া আর মায়ের ছাওয়ালকে নেওয়া একই কথা।

প্রঃ—প্রারব্ধ ক্ষয়ের উপায় কি?

উঃ—জ্ঞানের আগুন লাগিয়ে দেওয়া।

প্রঃ—আত্মস্বরূপের প্রকাশ কি করে হবে?

উঃ—গুরুশক্তি ধারণ করা। তোমার মধ্যে যা রয়েছে, তার প্রকাশ হয়ে যায়। যার মাথা পরিষ্কার নয় তাকে পড়ান যায় না। সেই রকম সাধনার দ্বারা ভিতরের জ্ঞানশক্তির প্রকাশ হয়। **Electric connection** এর মত। তোমার মধ্যে না থাকলে পাবে না। কাব্য-শক্তি, ভাষণ-শক্তি ইত্যাদি যেমন কারু কারু আসে, সকলের আসে না। যার হবার তার শিরা খুলে যায়, আবরণ সরে যায়। আপনি সৃষ্টি হয়। অপরে দেয় না। ভিতরের বিদ্যার সাথে যুক্ত করে দেয়। সকলেই জন্মগত সংস্কার নিয়ে জন্মায়।

জাগতিক বিদ্যায় যেমন যুক্ত করে দেওয়া হয়, ব্রহ্মবিদ্যারও ভিতরের শক্তির সাথে যুক্ত করা হয়; তখন জাগরণ হয়। গুরুশক্তি শিষ্যে পাত হয়, কোটিতে একটি অধিকারী পাওয়া যায়। মন্ত্রশক্তি পাওয়া যায়। কর্ম্ম বিফল হয় না। কিন্তু গুরুশক্তিপাত সকলের উপর হয় না।

প্রঃ—গুরুকৃপার মানে কি ?

উঃ—গুরু যদি উপদেশ দেবার সাথে করবার শক্তি দেন, তবে কৃপা। কৃপা সব সময় বর্ষিত হচ্ছে। পাত্র উল্টা আছে বলে কৃপা হয়ে যাচ্ছে। পাত্র করে ধরতে হয়। সোজা করবার উপায় হলো, গুরু যা বলেন তা অক্ষরে অক্ষরে পালন করা। অভ্যাস-যোগের দ্বারা আবরণ কাটবে এবং স্বরূপ প্রকাশ হবে। নিজের ঘরের দিকে যাবে। বাসনা থাকলেই দেহ ধারণ অর্থাৎ দেও দেও। অভ্যাসের দ্বারা তার থেকে রেহাই। নিত্যযুক্ত যে রয়েছ তার প্রকাশের জন্য গুরু-আজ্ঞা পালন করা। করলে কৃপা লাভ। স্বগতি অর্থাৎ স্বরূপ প্রকাশের গতি গুরুকৃপা করে দিয়ে দেন। হেতু এবং অহেতু দুই প্রকারেই কৃপা হয়। কর্ম্মের ফলপ্রাপ্তি হলো হেতু কৃপা। যখন বোঝা যায় যে ক্রিয়া যা সাধনার আর দিক নেই তখন অহেতুক কৃপা হয়। সেই অবস্থায় তিনি তুলে ধরেন।

প্রঃ—শক্তিপাত কে কে করতে পারে ? কার উপর হয় ?

উঃ—সংসার গতি থেকে যিনি মুক্ত করতে পারেন তিনিই সদ্‌-গুরু। তিনিই শক্তিপাত করতে পারেন। সৃষ্টি যেমন শিশু করতে পারে না, যৌবনে হয়। তেমনই একটা স্থান আছে, আধার আছে, যেই আধারে ঠিক সময়ে গুরুশক্তি পাত হয়।

প্রঃ—যে রকম পাত্রই হউক শক্তিপাত তাতে হতে পারে কি ?

উঃ- তিনি পাত্র বানিয়ে নিতে পারেন।

প্রঃ—তিনি তবে আধার না হলে দেন না ?

উঃ—না, তবে বন্যা এলে সকলকে ভাসিয়ে নেন।

প্রঃ—জোয়ারে পড়বার উপায় কি ?

উঃ—এই প্রশ্ন ব্যাকুল হয়ে করতে হয়।

প্রঃ—ব্যাকুলতা আসে কি করে ?

উঃ—দীর্ঘকাল সৎ-সঙ্গের দ্বারা। যা নষ্ট হবার তা যেখানে নষ্ট হয়, সেখানে ইষ্ট প্রকাশ হয়। যার দীক্ষা হয়েছে, তার দীর্ঘকাল জপধ্যান করা উচিত। তবেই জাগরণ হয়।

প্রঃ—নামজপও কি সৎ-সঙ্গ ?

উঃ—বটেই তো। তিনি নামরূপে আছেন বলে। সত্যস্বরূপ, মন্ত্রস্বরূপ তিনিই। নাম মানে যে জপে ভগবানের দিকে যাওয়া সরল হবে তাই নাম। নামরূপে তিনি, অক্ষর-রূপে তিনি, মন্ত্ররূপে তিনিই আছেন। তাতেও সৎ-সঙ্গ হয়। নামরূপে তাঁকেই পেয়েছ। নিষ্ঠার সাথে জপ করলে বেশী ফল হয়। নিষ্ঠা না থাকলেও কিছু ফল হবে। মনে মনে জপ করতে হয়। হৃদয়-গুহায় জপ করতে হয়। মাটীর ভিতর যেমন বীজ পুততে হয়, তেমনই হৃদয়-ভুমিতে মন্ত্র বা নাম স্থাপন করে জপ করতে হয়। ফল—বীজ থেকে বৃক্ষ। বৃক্ষ হলো নিজের প্রকাশ। ভগবানের নাম ও রূপ অনন্ত। জপ করতে করতে তাঁর অনন্ত রূপ প্রকাশ হবে। হৃদয়-জমিতে রোপণ করলে তার স্বভাব হচ্ছে নিজ তত্ত্ব প্রকাশ করা। আমাকে জানা বা ভগবানকে জানা। তাই অভ্যাস-দ্বারা চলতে হবে। যেমন পাশ করলে আপনিই প্রফেসর বা ইঞ্জিনিয়ার হয়, তেমনই সাধনা করলে আপনিই প্রকাশ হবে। তবে গুরুর কথা অনুযায়ী কাজ করা উচিত।

প্রঃ—স্বপ্নে গুরু পেলে কি ফল হয় ?

উঃ—হ্যাঁ হয়। জগতের জাগ্রত ভাবও তো স্বপ্ন। নিদ্রিত স্বপ্ন এবং জাগ্রত স্বপ্ন এই পার্থক্য। দুই স্বপ্নেমন্ত্র পেলে আর সন্দেহ নেই। শুধু নিদ্রিত স্বপ্নে পেলে আবার জাগ্রত-স্বপ্নে পাকা করে নিতে হয়।

প্রঃ—যদি ভগবানের স্বপ্রকাশ এই জগৎ, তখন জগৎকে মিথ্যা বলে উড়িয়ে দেওয়া যায় কি করে ?

উঃ—যখন এই জিজ্ঞাসা থাকবে না, সেই প্রকাশই স্বয়ং প্রকাশ। যেখানে এক ব্রহ্ম-বোধ, দ্বিতীয় নাস্তি, সেখানে উড়িয়ে দেওয়ার প্রশ্ন থাকে না। যখন ত্রিপুটী (তিন পুটলী—জ্ঞান, জ্ঞেয়, জ্ঞাতা) এক হয়ে যায় সেখানে এক

ব্রহ্ম। নইলে নয়। জগৎ বোধ থাকলে তিন পুটলী থাকে। ক্রিয়া, কর্ম্ম, কর্ত্তা—এক হয়েও আলাদা। পিতা, পুত্র, পতি একজনই। সেই রকম এক ব্রহ্ম, দ্বিতীয় নাস্তি। আবার যেখানে জগৎ দৃষ্টি, সেখানে আলাদা করে দেখা যায়। ক্রিয়ার মধ্যে আলাদা রূপেই থাকবে। জগৎ গতির মুখে ক্রমাগত বদলে যাচ্ছে। যেটা বদলে যায় সেটা তো নিত্যবস্তু নয়। গতি অনিত্য। সত্য কোন্‌টা?—যেটা পরিবর্ত্তিত হয় না। কিন্তু যেখানে একব্রহ্ম বোধ সেখানে কোনটাই বাদ যায় না।

"তাঁহাকেই একমাত্র প্রয়োজন। আর সব অপ্রয়োজন। তাঁকে বিনা মানুষের চলে না, ছেড়ে চলবার জায়গা নেই। সেজন্য বাদ দেওয়া যায় না; বাদ হয় না।"

"মা"

কে তুমি ?

শ্রীশৈলেশ ব্রহ্মচারী

মূর্ত্তিমতী পবিত্রতা, শান্তিঙ্করা, সুস্মিতভাষিণী,
প্রফুল্লিত পুষ্পসম সুধাময়ী, কে তুমি জননী ?
অভিনব লীলাচ্ছলে কোথা হ'তে, কোন রসে ভাসি'
নিঃস্ব-বিশ্বে নেমে এলে, আপনাতে আপনি বিলসি !'

যখন আসিলে নেমে কলিসম ঊষা ফুটি-ফুটি',
জাগেনি বিহগকুল, গাহেনি ক্বচিৎ কান্ত সুর !
নেমে এলে অনুপম নব সৃষ্ট সুধারস লয়ে,
ললাটে সুস্নিগ্ধ-জ্যোতিঃ, ত্রিনয়নে দীপ্তি জয়শ্রীর ।

তুমি এলে । প্রাণে প্রাণে বহে গেল হিল্লোল দুর্বার ;
ঋদ্ধি-সিদ্ধি সংযমের খুলে গেল বিশাল তোরণ ;
ফিরে পেলো প্রাণধর্ম, দীর্ণ, শীর্ণ বিশুষ্ক আচার ।
বিশ্বের বিস্ময় তুমি, প্রাণকেন্দ্র বিশ্ব-সবিতার !

তব লীলা, তব বাণী,—উচ্ছ্বসিত অমৃত-পাথার ;
দেশে দেশে দিশে দিশে ছুটে গেল তার কলরোল,—
শ্রান্ত, পথভ্রান্ত কত পাপী তাপী, কত দুঃখী প্রাণ
ফিরে পেলো অপরূপ শান্তিময় পথের সন্ধান ।

তোমার মহিমা গেয়ে ছুটে এলো ঋত্বিক ও ঋষি,—
দেবতা ও পদপ্রান্তে খুঁজে পেলো অভীষ্ট তাহার,
মগ্ন হ'ল মহাকাল নক্ষত্রের জপমালা লয়ে,
চন্দ্র সূর্য জ্বেলে দিল দীপ্ত দীপে আরতি তোমার ।

কে তুমি ? তবুও প্রশ্ন।" "শক্তি তুমি", বলে শাক্ত জন :-
বৈষ্ণব উচ্ছ্বসি' কহে,—"কৃষ্ণ মম, রাধা প্রাণ ধন।"
যিশু তুমি, তুমি আল্লা, বৌদ্ধ জানে তুমি যশোধরা,
সর্বরূপে তুমি তবু, কী আশ্চর্য! তবুও অধরা!

আমি ত জেনেছি আর।—দু'নয়ন করুণা-বিহ্বল
বিশ্বমাঝে ফিরিতেছ আদর্শ মাতৃত্ব বুকে বহি'
বিশ্বমাতা। দেশাতীত, জাতি-বর্ণ-ধর্মাতীত হ'য়ে
সকলেরে টানিতেছ স্নেহবক্ষে আকুল আগ্রহে।

এ কথা কত যে সত্য, মর্ম জানে, জানে মজ্জা মোর,
বিশ্বের কত যে প্রিয়, ধ্বনিতেছে শোণিত শিরায়
সে সম্প্রীতি বিশ্বদেহে অহর্নিশি শাশ্বত-স্বননে ;—
সে যে আমি জানি, আর মোর মর্ম জানে।

সব-ই ত প্রত্যক্ষ সত্য, সত্যতর নাই অনুভূতি ;
তথাপি দুরধিগম্য কী বিপুল রহস্য আড়ালে
সংগোপনে আপনারে আবরিয়া চল লীলাময়ী,
কে তোমা জানিবে বল, দয়াময়ী, তুমি না জানালে।

(পদপ্রান্তে) যাচি তাই নবযুগ উদ্বোধিতা রহস্য-সাগরা,—
কে তুমি, কে তুমি বল ? নিঃস্ব-বিশ্বে পূর্ণ পরাৎপরা।

———

আনন্দময়ীর লীলা

অধ্যাপক মথুরানাথ বন্দ্যোপাধ্যায়

সাধক সে। তার সাথে দেখা হয়েছিল হেমন্তের এক ম্লান গোধূলিতে।

চুপ করে আনমনে বসেছিলুম একলা আমার ঘরটিতে। দ্বার ঠেলে ভিতরে ঢুকল সে। বস্‌ল সামনের খালি চেয়ারটার 'পরে। সৌম্য প্রশান্ত তার আনন। স্বপ্নালু চোখ দুটিতে রহস্যময় ঊর্ধ্বলোকের ছায়া। কেমন যেন একটা বিষাদের ভাব তার মুখে রয়েছে আজ।

জিজ্ঞাসুনেত্রে তার পানে তাকাতেই একটা দীর্ঘনিশ্বাস ফেল্‌ল। কিছুক্ষণ নীরব থেকে ভগ্নকণ্ঠে বল্লে, "অন্তরের অন্তস্তলে কৃপা করে যিনি দেখা দিলেন, জীবনে তাঁকে প্রতিষ্ঠিত করতে পারলুম কই? কোন্ পাপে অহর্নিশ দর্শনের আনন্দ থেকে বঞ্চিত হলুম আমি?"

আস্তে আস্তে মাথায় তার হাত বুলোতে বুলোতে, "কার কথা বলছ, ভাই?"

সজলনেত্রে বল্ল সে, "মা আনন্দময়ীর।"

উৎসুক হয়ে প্রশ্ন করলুম, "আনন্দময়ী মা? তাঁকে কোথায় দেখলে? কেমন করে দেখলে? কবে দেখলে?........."

সে বল্লে, "বছর কয়েক আগে নারায়ণদার সঙ্গে বালিগঞ্জে এক আত্মীয়ের বাড়ী গিয়েছিলুম। নারায়ণদাকে চেনো তো? তিনি আমার মামাতো ভাই,—একজন উন্নত সাধক। সেই আত্মীয়ের বৈঠকখানা ঘরে বসে আমরা কথাবার্ত্তা বলছিলুম। হঠাৎ নারায়ণদা ঘর থেকে রাস্তায় বেরিয়ে চেঁচিয়ে ডাকতে লাগলেন, 'মনোজ! মনোজ!' এক ভদ্রলোক পেছন ফিরে তাকালেন। নারায়ণদাকে দেখে ভারি খুসি হয়ে তিনি বল্লেন, "আরে, গোপাল যে! ওঃ আজ কতদিন পরে দেখা। স্কুলে আর কলেজে থাকতে দুজনে কতদিন একসঙ্গে সেই হিন্দুস্থানী বুড়োটার দোকানে চানাচুর খেতে যেতুম;—মনে আছে তো?"

হাসতে হাসতে নারায়ণদা বল্লেন, "খুব।"

এবার আমার দিকে তাকিয়ে মনোজবাবু গোপালদাকে জিজ্ঞেস করলেন, "এ কে ?"

"আমার পিস্‌তুতো ভাই।"

মনোজবাবুকে প্রণাম করলুম আমি।

এ কথা সে কথার পর মনোজবাবু বল্লেন, "আমি দাদার বাড়ীতে উঠেছি। ওই তো সাম্‌নের বাড়ীটা। এস, এস"--বলে উত্তরের অপেক্ষা না করেই দুজনের দুটি হাত ধরে নিয়ে গেলেন তাঁর ঘরটিতে।

খানিকক্ষণ বাদে ভারি একটা আশ্চর্য ব্যাপার ঘট্‌ল। নারায়ণদা দুড়ুম্‌ করে মনোজবাবুকে প্রশ্ন করে বসলেন, "আচ্ছা, তুমি কি মা আনন্দময়ীর ভক্ত ?"

চম্‌কে উঠে মনোজবাবু বল্লেন, "কি করে জানলে ?"

নারায়ণদা বল্লেন, "একটু আগেই মনের মধ্যে আমার বিদ্যুতের মত একটা thought খেলে গেল—এ আনন্দময়ী মার ভক্ত। তাই তোমাকে ও কথা জিজ্ঞেস করলুম।"

মনোজবাবু বল্লেন, "হ্যাঁ ভাই, তোমার চিন্তা সম্পূর্ণ সত্য। দিল্লী থেকে এখানে আমার আসার প্রধান উদ্দেশ্যই হ'ল মার সঙ্গে দেখা করা। এখন তিনি পুরীতে আছেন। ৩।৪ দিনের মধ্যেই এসে পড়বেন কলকাতায়।"

"কেন জানিনা", সাধক বলে চল্‌ল "আনন্দময়ী আসছেন এ কথা শুনে হৃদয়ের গভীরে একটা অসহ্য ব্যাকুলতা অনুভব করলুম। দৃঢ় সঙ্কল্প করলুম তাঁকে দেখ্‌বই। অন্তরাত্মা বলে দিল উনি সাক্ষাৎ মহামায়া, পুরুষোত্তম স্বয়ং।

অধীরভাবে যোড়হাতে গোপালদা মনোজবাবুকে বল্লেন, "আমাদের তাঁর কাছে নিয়ে যাবে তো ?"

"নিশ্চয়ই।"

* * * *

চার দিন বাদে মনোজবাবু নারায়ণদা আর আমাকে সঙ্গে নিয়ে মা

আনন্দময়ীর সন্ধানে একটি শিবালয়ে ও ২।৩ জন ভদ্রলোকের বাড়ীতে ঘোরাঘুরি করলেন। খবর পাওয়া গেল মা কলকাতায় আজ পৌঁছেছেন। কিন্তু কোথায় উঠেছেন সঠিক কেউ বলতে পারল না। হাঁটাহাঁটির আর অন্ত ছিল না। অবশেষে মনোজবাবুর এক গুরুভাইয়ের কাছে খবর পাওয়া গেল মা উঠেছেন ২০ নং সর্দ্দার শঙ্কর রোডে, লেক মার্কেটের কাছেই বাড়ীটা। তীব্র আকুলতা নিয়ে ছুটে চল্লুম আমরা। বাড়ীটার সামনে এসেই বুঝলুম মা আছেন ওখানেই। মনোজবাবু আমাদের নিয়ে ছাতে উঠে এলেন।

ছাতটার চতুর্দিকে সতরঞ্চি বেছান। লোকে লোকারণ্য। উঁচু বেদীমত শাদা চাদরমোড়া একটা খাটের ওপরে মা আনন্দময়ী সমাসীনা। শুভ্রবস্ত্রপরিহিতা তিনি। মাথার চুলগুলো বাঁধা এমন ভাবে জটাজুটধারী মহাদেব যেন। না না, যেন নয়। মূর্তিমান্ মহতোমহীয়ান্ মহেশ্বরই তিনি। সবেগে এগিয়ে গেলুম তাঁর কাছে, শ্রীচরণ স্পর্শ করে অন্তরের ভক্তিপূর্ণ প্রণাম জ্ঞাপনের মানসে। কিন্তু পাদপদ্ম যে বস্ত্রাবৃত। আকাঙ্ক্ষা তো পূর্ণ হল না। তবুও মাথা ঠেকিয়ে যখন প্রণাম করলুম, মনে হল সকল সত্তা মিলিয়ে গেল আমার তাঁর ঐ চরণতলে।

নারায়ণদা আর আমি মার খাটটা ঘেঁসে সতরঞ্চির ওপর বসে পড়লুম।

আনন্দের ঢেউ চতুর্দিকে ছড়িয়ে পড়েছে। মাঝে মাঝে মা হাসছেন। সে হাসি সমস্ত আধারের হাসি; দেহ, মন, প্রাণ অন্তরাত্মার হাসি; সে হাসির অন্তরালে রয়েছে বিরাট প্রশান্তি, জমাট-বাঁধা আনন্দ। মন্ত্রমুগ্ধবৎ অপলকনেত্রে তাকিয়ে রইলুম মার ঐ আনন্দময়ী মূর্তির দিকে।

ক্ষণে ক্ষণে কত ভাবই না তাঁতে খেলে যাচ্ছিল। কখনও মনে হল ইনিই গীতোক্ত স্থিতপ্রজ্ঞ, যাঁর কথা বলতে গিয়ে শ্রীভগবান বলেছেন—

আপূর্যমানমচলপ্রতিষ্ঠং সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামাঃ যং প্রবিশন্তি সর্বে স শান্তিমাপ্নোতি ন কামকামী।

কখনও মনে হল ইনি অষ্টমবর্ষীয়া আনন্দবিহ্বলা বালিকা কখনও বা মনে হল ইনি বিশ্বজননী, কখনও বা মহেশ্বর, কখনও বা পুরুষোত্তম।

নারায়ণদা মাকে কি একটা প্রশ্ন করলেন। মা তার উত্তর দিলেন। আমিও সাহস করে তাঁকে প্রশ্ন করে বস্‌লুম,—"প্রশ্ন জাগে কখন?"

তৎক্ষণাৎ উত্তর পেলুম, "পথে চলতে চলতে। পথে না চললে প্রশ্ন জাগে না, পথের শেষে পৌঁছলেও জাগে না।"

জিজ্ঞেস করলুম, "লক্ষ্য স্থির হয় কখন?"

ঈষৎ হাস্য করে মা বল্লেন, "ভগবৎ কৃপা হয় যখন। সাধনার অনেকখানি পথ এগিয়ে গেলে তবে হয় লক্ষ্য স্থির।"

এর পর যে প্রশ্নটি করেছিলুম তার পেছনে একটা ইতিহাস আছে—একটা স্বপ্ন দেখেছিলুন। স্বপ্নটা কি জান? একজন ভক্তের হৃদয়ে আজ বড় ব্যথা। অন্তর তার মরুর মত শুষ্ক। কত চেষ্টা করছে সে কৃষ্ণের পানে মন ফেরাতে। চঞ্চল মন কিন্তু বারে বারে ছুটে চলে যায় সংসারের শত চিন্তার মাঝে। শূন্য হতাশায় চিত্ত তার উঠল ভরে। ··· ···

যমুনা পুলিন। রাধার দিকে মুখ করে প্রেমময় শ্রীকৃষ্ণ বাজাচ্ছেন তাঁর মধুর বাঁশরী। অদ্ভুত ব্যাপার! সহস্র চেষ্টা করেও রাধার যে মন কৃষ্ণাভিমুখী হয় নি, এখন তা' আর কিছুতেই প্রয়োজনের জগতে নেমে আস্‌ছে না। কী সর্বনাশা আকর্ষণ না কৃষ্ণের বাঁশীর! অব্যক্ত আকুলতায় ভরে গেছে তার হৃদয়, অসীমের ঐ পাগল-করা টানে। কী আশ্চর্য! অনুভব করলুম রাধার হৃদয়ের ব্যথা আমারই অন্তরের ব্যথা, রাধার আকুলতা আমারই আকুলতা, রাধার ব্যর্থতা আমারই ব্যর্থতা; হৃদয়গুহার অধিবাসী আমার জীবাত্মা রাধা হ'তে অভিন্ন,—রাধাই সে।··· ···

স্বপ্ন গেল ভেঙ্গে। হৃদয় আমার অসহ্য পুলকে উদ্বেলিত হল। মনে হল অন্তরের উন্মুক্ত বাতায়ন পথে নেমে এসেছে আধারে আমার প্রেমস্নিগ্ধ জ্যোতি। প্রেমের সাথীর কাছে নিবেদন করলুম, "ওগো অন্তর্যামী! যে জ্ঞান ছিল আমার ক্ষুদ্র বুদ্ধির নাগালের বাইরে, তাকে করেছ অন্তরের মাঝে প্রকাশ। বুঝেছি সখা বুঝেছি, প্রেম তো তোমারই আকর্ষণ। অখিল বিশ্বের পতি তুমি, প্রতিটি জীব

রাধিকা তোমারই তো প্রকৃতি। তোমার মুরলী-ধ্বনি জীব যেদিন পায় শুনতে, সেদিনই সে হয় দীক্ষিত প্রেমের মোহন মন্ত্রে।"

কিন্তু, প্রেম যদি তাঁরই আকর্ষণ হয় তবে শাস্ত্রকার এ কথা বলেছেন কেন? —"সা পরানুরক্তি ঈশ্বরে" (ঈশ্বরের প্রতি জীবের পরমা অনুরক্তি বা আকর্ষণ।) এ দুটোর মধ্যে সামঞ্জস্য কোথায় তবে? তাই মাকে প্রশ্ন করলুম, "আচ্ছা, প্রেম কি ঈশ্বরের আকর্ষণ?"

সঙ্গে সঙ্গেই জবাব পেলুম, "আসল কথাটাই তাই। তিনি আকর্ষণ না করলে জীব তাঁর দিকে মুখ ফেরাবে কি করে? তবে জীবের দিক দিয়ে, জাগতিক ভূমির ওপর দাঁড়িয়ে আমরা এও বলি যে প্রেম হ'ল ঈশ্বরের প্রতি জীবের ভালবাসা বা আকর্ষণ।"

মার এ কথা শুনে সমস্ত দ্বিধা-দ্বন্দ্ব, সংশয়-সন্দেহ নিমেষে ছিন্ন হয়ে গেল। তারপর ব্যথিত অন্তরে তাঁকে জিজ্ঞেস করলুম, "মা, প্রাণে প্রাণে যে বুঝেছে বাসনাই তার শত্রু অথচ তার জাল থেকে মুক্ত হবার জন্যে যে শক্তি সামর্থ্যের দরকার তার অভাব সে বোধ করছে, সে কী করবে?"

প্রশান্ত কণ্ঠে মা বল্লেন, "তাকে সৎসঙ্গ করে যেতে হবে, সৎগ্রন্থ পাঠ চালিয়ে যেতে হবে, নিয়মিত সাধন ভজন করতে হবে। এই ভাবে ক্রমে ক্রমে শক্তিসঞ্চয় করে শত্রুকে অবশেষে পরাজিত করতে পারবে।"

মার বাণীর অতলস্পর্শী গাম্ভীর্য আমাকে হতবাক্ করেছিল। নিস্তব্ধ হয়ে কতক্ষণ বসে ছিলুম। কী যে একটা প্রশান্তি অন্তরকে পূর্ণ করেছিল ভাষায় তা আমি ব্যক্ত করতে পারব না।

হঠাৎ নজর পড়ল মার সম্মুখে অবস্থিতা গভীর ধ্যাননিমগ্না বর্ষীয়সী এক মহিলার দিকে। মনে হল সমাধিজগৎ থেকে সবেমাত্র নেমে এসেছেন তিনি আমাদের এ পার্থিব জগতে,—এমনি চোখমুখের ভাব তাঁর। মা তাঁকে জড়িয়ে ধরে কত আদর করলেন, হাতের একটা ফুল সেই ভক্তিমতী মহিলার মাথার ওপর ফেলে দিলেন।

এর পর মধুর কণ্ঠে মা রাম-নাম গাইতে লাগলেন। সমবেত সুরে সকলকে তাঁর সঙ্গে গাইতেও বল্লেন। আমি তো লাজুক প্রকৃতি। তবুও মার কণ্ঠের সঙ্গে কণ্ঠ মিলিয়ে সেদিন গান করেছিলুম আমি।

*　　*　　*　　*

রাস্তায় মনোজবাবু নারায়ণদাকে জিজ্ঞেস করলেন, "কেমন লাগল ?"

গাঢ়স্বরে নারায়ণদা জবাব দিলেন, "একটা অপূর্ব অনুভূতি হয়েছে আমার। স্পষ্ট বোধ করলুম মা সারা বিশ্বে ব্যাপ্ত হয়ে রয়েছেন। শুধু তাই নয়। একবার তাঁকে মনে হল ছোট্ট একটি বালিকা, পরক্ষণে তিনি যেন পুরুষ হয়ে গেলেন। একবার মনে হল বিশাল হিমালয়ের মত গম্ভীর, পরক্ষণেই বোধ হল আনন্দের প্রস্রবণ, হাসির ফোয়ারা তিনি।

এবার আমার দিকে তাকিয়ে মনোজবাবু বল্লেন, "আর, তোমার লাগল কেমন ?"

উত্তর দিতে গেলুম, কথা সরল না, হৃদয় আমার কানায় কানায় ভরে গিয়েছিল। আমার মুখের দিকে তাকিয়ে মনোজবাবু আমাকে আর কোন প্রশ্ন করলেন না।

*　　*　　*　　*

বাসায় পৌঁছে সোজা ছাতের ওপরকার ছোট ঘরটায় ঢুকে দরজা বন্ধ করে দিলুম। অনর্গল অশ্রুধারা বয়ে যেতে লাগল। হৃদয়ের মধ্যে কি যে অসহ্য বেদনা বোধ করতে লাগলুম, তা কি করে বলব তোমায়। সেই যে পরমহংসদেব বলেছিলেন বুকের ভিতর কে যেন ভিজে গামছা নিংড়োচ্ছে, আমারও বোধ হয় তাই হয়েছিল। শ্রদ্ধা, ভক্তি, কৃতজ্ঞতায় অন্তর পরিপূর্ণ হয়ে গিয়েছিল। আমার মত অধমের প্রতি মার অপার করুণা ক্ষণে ক্ষণে বিহ্বল করে তুলেছিল আমায়। আর সেই সঙ্গে অনুক্ষণ হৃদয়কেন্দ্রে মার দর্শন লাভ করে আপনাকে পরম কৃতার্থ জ্ঞান করছিলুম। মনে হচ্ছিল—ওঃ! আমার কী ভাগ্য, কী ভাগ্য আমার! এমন কী পুণ্য করেছি যে মার অযাচিত প্রসাদ শিরোপরি বর্ষিত হচ্ছে। কতক্ষণ বা

কতদিন যে এ দর্শন ছিল, ঠিক মনে নেই। ২।৩ দিনও হতে পারে। শেষকালে শরীর, মন, প্রাণ অবসন্ন হয়ে পড়ল। আধার যে শুদ্ধ নয়, তাই তাঁর দর্শন সহ্য করতে পারলুম না। কাতরভাবে মাকে বল্লুম,—'এবার এস তুমি মা, তোমার পুণ্য পরশ ক্ষুদ্র আধার আমার আর যে ধারণ করতে পারছে না।' ধীরে ধীরে অন্তর থেকে অন্তর্হিত হলেন মা আনন্দময়ী!"

* * * *

চুপ করে বসে রইল সে। দেখলুম চোখের জলে গায়ের র‍্যাপারটা ভিজে গেছে। মৃদুস্বরে প্রশ্ন করলুম "আর কি মার সঙ্গে দেখা হয়নি তোমার ?"

ভগ্নকণ্ঠে সে উত্তর দিল, "না। তবে স্বপ্নে তাঁকে আরও ২ বার দেখেছি।"

সোৎসাহে বল্লুম, "কী রকম ?"

"বছর দুই হবে। স্বপ্ন দেখছি. আমি একটা প্রকাণ্ড পাঁচতলা বাড়ীর ছাতের ঘরে ২।৩ বছরের শিশু হয়ে মার কাছে কাছে ঘুরছি। ঘরের জানলার কাছে আমার হাত ধরে মা আমাকে কত কি কথাই বলছেন স্নেহভরে। তারপর দেখলুম শিশু—আমি তাঁর কোলে পরম নিশ্চিন্ত হয়ে শুয়ে রয়েছি। আমার মুখের পরে তাঁর স্নেহ-দৃষ্টি নিবদ্ধ। কত আদর, কত যত্ন মা করছেন; সে প্রেম, সে ভালবাসার তুলনা কোথায় ?"

ফুঁপিয়ে কেঁদে উঠল সে। প্রকৃতিস্থ হলে মৃদুস্বরে বল্লুম, "আর দ্বিতীয় স্বপ্নটি কী দেখেছিলে ?"

প্রশান্তস্বরে সে বল্লে, "সেটা বেশী দিনের কথা নয়। তারিখটা বেশ মনে আছে, ৫-৯-৫২। দেখলুম স্থিরভাবে বসে রয়েছেন মা। তাঁর কাছে নিবেদন করছি আমার অসামর্থ্যের বেদনা। মা বল্লেন, 'দেখ, personal effort (পুরুষাকার) দ্বারাই সিদ্ধিলাভ হয়। তোর সিদ্ধির এখনও দেরী আছে। তবে—হবার ৭ মাস বাদে তোর একটা বড় অনুভূতি হবে।'

আকুল হয়ে পা দুটি তাঁর ধরে বল্লুম, "কৃপা করে মুক্ত আমাকে করে দিতেই হবে। তুমি তো সর্বশক্তিময়ী।"

মা বল্লেন, "আচ্ছা, আমি যদি সর্বশক্তিময়ী হই, তাহলে তোকে মুক্ত করে দেব।"

মার ঐ জবাবটার অর্থ নিয়ে অনেকক্ষণ মাথা ঘামালুম। হঠাৎ তার গভীর তাৎপর্য flash করে উঠলো।

অত্যন্ত উৎসুক হয়ে জিজ্ঞাসা করলুম, "কী?"

হেসে বল্লে সে, "মার রঙ্গ দেখো তো! আরে আমার যদি বিশ্বাসই হয়ে যায় তিনি সর্বশক্তিময়ী, সেই বিশ্বাসই তো আমাকে মুক্ত করে দেবে, তাঁর কৃতিত্ব তবে রইল কোথায়?"

"অন্তর সন্ন্যাসই ত সন্ন্যাস। সন্ন্যাসী হওয়া খুব ভাগ্যের কথা, আনন্দের কথা। সর্ব্বত্যাগ, সন্ন্যাস মানে সর্ব্বনাশ। নাশ ভাবও যে নাশ হইয়া যায়।"

"মা"

আনন্দম্

শ্রীবিভুপদ কীর্ত্তি

(১)

কতোখানি ভালবাসি
এ-কথা শুধাও যদি
কতোখানি বেগ স্রোতে
তাহা তো জানেনা নদী

কহিনা কাহারো কাছে
মনে যেন হয় আছে
যা আছে ফুরাবে না সে
বহে যদি নিরবধি।

খুঁজিলে বুকের মাঝে
কিছু না খুঁজিয়া পাই
যারে দিয়ে বুকভরা
সে যে কোনোখানে নাই

জানিনা এ কোন্ আশা
কোন্ গভীরের ভাষা
সাগরের টান এলে
কেমনে পরাণ রোধি।

(২)

ভেঙেছে তোমার শাখা
ছিঁড়েছে তোমার ফুল
তবু রেখো, মনে রেখো
এখনো রয়েছে মূল।

গভীর মাটির তল
সঞ্চিত যেথা জল
যেখানে উৎস মুখ
হয়নি সেখানে ভুল।

মাটীর জীর্ণ-ঘর
পলকে ভাঙিয়া যায়
যে-মাটিতে নির্ভর
সে-মাটি নাহি ঘুমায়

অনন্ত নিশিদিন
জাগে সে তন্দ্রাহীন
গড়ে সে শতেক বার
জীবনের ভাঙা কুল।

জীবনের লক্ষ্য

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গোপীনাথ কবিরাজ, এম-এ, ডি-লিট্

মানব জীবনের প্রকৃত লক্ষ্য কি? জীবাত্মা অনাদিকাল হইতে প্রকৃতির প্রবাহে শৈবালের ন্যায় অণুরূপে বিভিন্ন প্রকার দেহের মধ্য দিয়া কালের গতিতে ভাসিয়া চলিয়াছে। জানে না কোন্ স্থানে উপনীত হইলে এই অবিশ্রান্ত প্রবাহ নিবৃত্ত হইবে এবং সাগর সঙ্গমে নদী যেমন কৃতার্থ হয় তেমনি মানবের আত্মা নিজের পরম কাম্য বস্তু লাভ করিয়া চিরদিনের জন্য শান্তিলাভ করিবে। নানা সম্প্রদায়ে নানা ভাবে এই লক্ষ্যের নির্দ্ধারণের জন্য চেষ্টা হইয়াছে এবং এই চেষ্টার ফলে দার্শনিক সাহিত্যে বিভিন্ন প্রকার মতবাদের সৃষ্টি হইয়াছে। বিচার করিতে গেলে দেখা যাইবে যে এই সকল সিদ্ধান্তের মধ্যে কোনটিই ভ্রান্ত নহে, তবে ইহা সত্য যে চরম সিদ্ধান্ত কখনও এক ভিন্ন দুই হয় না।

জ্ঞান প্রাপ্তি না হওয়া পর্য্যন্ত অজ্ঞানের নিবৃত্তি হয় না, এবং অজ্ঞান নিবৃত্তি না হইলে ভ্রম নিরসন ও হয় না। কিন্তু এই জ্ঞান প্রাপ্তি প্রসঙ্গে জ্ঞানের স্বরূপ গত ভেদটিও জানিয়া লওয়া আবশ্যক। যে জ্ঞান বুদ্ধির ধর্ম্ম তাহার সহিত আমরা অল্প বিস্তর আংশিকরূপে পরিচিত আছি। সেই জ্ঞানের প্রভাবে বুদ্ধির ধর্ম্ম অজ্ঞান নিবৃত্ত হইয়া থাকে। কিন্তু সেই অজ্ঞান নিবৃত্ত হইলেও মূলে এমন একটি অজ্ঞান থাকিয়া যায় যাহা নিবৃত্ত না হইলে জীবনের প্রকৃত কল্যাণ আবির্ভূত হইতে পারে না। আকাশে মেঘ থাকিলে মেঘের অন্তরালস্থিত সূর্য্যবিম্ব দেখিতে পাওয়া যায় না। সূর্য্য উদিত হওয়ার পর আকাশ মেঘাচ্ছন্ন থাকিলে মেঘের অপসারণের সঙ্গে সঙ্গে সূর্য্যের দর্শন হয় এবং তাহার কিরণ ও তাপ উপলব্ধি করা যায়। কিন্তু গভীর রাত্রিতে যখন আকাশে সূর্য্যের প্রকাশ থাকে না তখন আকাশে মেঘ থাকিলে এবং ঐ মেঘকে অপসারিত

করিলে যে সূর্য্যবিম্ব দৃষ্টিগোচর হইবে তাহা বলা চলে না। ঠিক সেই প্রকার বৌদ্ধ জ্ঞানের দ্বারা বৌদ্ধ অজ্ঞান কাটিয়া গেলেও হৃদয়ে অন্ধকার থাকেই যদি তাহার পূর্ব্বে হৃদয় হইতে মূল অজ্ঞানটি নিবৃত্ত না হইয়া থাকে। এইজন্য আগমিক যোগিগণ বলেন যে বৌদ্ধ অজ্ঞান নিবৃত্তির মূল্য তত অধিক নহে যতটা পৌরুষ অজ্ঞানের নিবৃত্তির মূল্য। অর্থাৎ পুরুষের স্বরূপগত অজ্ঞান নিবৃত্ত না হওয়া পর্য্যন্ত বাস্তবিক পক্ষে বৌদ্ধ অজ্ঞানের নিবৃত্তির প্রশ্নই উঠে না। আত্মা প্রাক্তন কর্ম্মবশতঃ দেহ পরিগ্রহ করিলে ঐ দেহকে আশ্রয় করিয়া তাহার একটি কৃত্রিম আমিত্ববোধ ফুটিয়া উঠে। এই আমিত্ব বোধের আধার বুদ্ধিতত্ত্ব। এই বুদ্ধিতে যে অজ্ঞান ধর্ম্মরূপে ভাসমান হয় তাহাই বৌদ্ধ অজ্ঞান এবং ইহাতে যে জ্ঞানের উদয় হয় তাহাই বৌদ্ধ জ্ঞান। কিন্তু ইহার মূল্য কতটুকু? যে অজ্ঞানের প্রভাবে আত্মা মায়ায় অধীন হইয়া দেহ গ্রহণে বাধ্য হয় সেই অজ্ঞান নিবৃত্ত না হওয়া পর্য্যন্ত আত্মার স্বভাবসিদ্ধ শিবস্বরূপ ধর্ম্ম. অভিব্যক্ত হইতে পারে না। সেই মূল অজ্ঞানটিকে পৌরুষ অজ্ঞান বলিয়া বর্ণনা করা যাইতে পারে। এই অজ্ঞানের নিবৃত্তির জন্য যাহা অত্যন্ত আবশ্যক তাহা কর্ম্ম নহে, জ্ঞানও নহে, এবং এমন কি ভক্তিও নহে। কারণ এই সকল উপায় রূপে পরিগণিত হইলেও বুদ্ধির ব্যাপার। বুদ্ধির উৎপত্তির পূর্ব্বে যাহা ঘটিয়াছে তাহাকে দূর করিবার সামর্থ্য ইহাদের মধ্যে কোনটিরই নাই। এইজন্য মানবের জীবনের পরম আদর্শ কখনও সাক্ষাৎভাবে উপলব্ধ হইতে পারে না যতক্ষণ পর্য্যন্ত মানবের আত্মা হইতে ঐ মূল অজ্ঞানটি তিরোহিত না হয়। ঐ মূল অজ্ঞানটি আর কিছুই নহে উহা আত্মার স্বেচ্ছায় পরিগৃহীত সঙ্কোচ। বস্তুতঃ শিবরূপী আত্মা সর্ব্বপ্রকারে সঙ্কোচ রহিত—উহাতে কালগত সঙ্কোচ নাই বলিয়া উহা নিত্য, দেশগত সঙ্কোচ নাই বলিয়া উহা বিভু বা ব্যাপক, ক্রিয়াগত সঙ্কোচ নাই বলিয়া উহা সর্ব্বকর্ত্তা, জ্ঞানগত সঙ্কোচ নাই বলিয়া উহা সর্ব্বজ্ঞ এবং আনন্দগত সঙ্কোচ নাই বলিয়া উহা নিত্যতৃপ্ত। ইহাই আত্মার শিবস্বভাব। কিন্তু যখন লীলাচ্ছলে স্বেচ্ছাক্রমে আত্মা নিজেকে সঙ্কুচিত করেন ও অভিনয়ের জন্য জীবভাব গ্রহণ করেন তখন তাঁহার স্বাভাবিক সকল ধর্ম্মই

সঙ্কুচিত হইতে বাধ্য হয়। তখন এই পরিচ্ছিন্ন শক্তিসম্পন্ন ক্ষুদ্র আত্মা মায়ার অধীন হইয়া কর্ত্তা সাজে, অর্থাৎ কর্ম্মজগতে প্রবেশ লাভ করে এবং কর্ম্ম করা ও কৃতকর্ম্মের ফলভোগ করা এই উভয় ব্যাপারে লিপ্ত হইয়া জন্ম হইতে জন্মান্তর বিভিন্ন দেহ গ্রহণ করে ও ত্যাগ করে। তাহার সংসার-চক্রে পরিভ্রমণের ইহাই সংক্ষিপ্ত ইতিহাস। দেহসম্পন্ন আত্মার অভিমানের সামগ্রীর মধ্যে বুদ্ধি একটি প্রধান অবয়ব। জ্ঞান ও অজ্ঞান উভয়ই ইহার ধর্ম্ম। বৌদ্ধ জ্ঞান দ্বারা বৌদ্ধ অজ্ঞান কাটিয়া যায় ইহা সত্য, কিন্তু ইহা ত অনেক নীচের কথা, ইহা দ্বারা ত মূল অজ্ঞান কাটিবার কোন সম্ভাবনা নাই।

অতএব সর্ব্বপ্রথম যাহাতে মূল অজ্ঞান কাটিয়া যায় তাহাই বিবেচনার বিষয়। পূর্ব্বেই বলিয়াছি এই অজ্ঞান কাটাইবার পথে কর্ম্ম, জ্ঞান বা ভক্তি কিছুরই তেমন উপযোগিতা নাই, কারণ এ সব মূলকে স্পর্শ করে না। একমাত্র ভগবানের কৃপাশক্তি দ্বারাই এই মূল অজ্ঞান নিবৃত্ত হইতে পারে, অন্য উপায়ে নহে। ভগবৎ-কৃপা স্বভাবসিদ্ধ এবং অহেতুক হইলেও আধারের যোগ্যতা অনুসারে উহা উহাতে কার্য্যক্ষমরূপে প্রতিফলিত হয়। কৃপা নিত্য হইলেও জীবাত্মার মূল আবরণ-রূপ মল যতক্ষণ পরিপক্ক না হয় ততক্ষণ কৃপা তাহাতে সঞ্চারিত হইতে পারে না। কিন্তু মল পরিপক্ক হইলে উহা মলপাকের তারতম্য অনুসারে সঞ্চারিত না হইয়া পারে না। যাহাকে লৌকিক জগতে দীক্ষা বলে তাহা ইহারই ফল। এই দীক্ষা স্থূলও হইতে পারে, সূক্ষ্মও হইতে পারে, কিন্তু ইহা একান্ত আবশ্যক। ইহা না হওয়া পর্য্যন্ত সাধনার মূল্য তত বেশী হয় না। কারণ সাধনা বুদ্ধির ব্যাপার। সাধনা অথবা উপাসনাদির ফলে বৌদ্ধজ্ঞানের উদয় হয় এবং বৌদ্ধ অজ্ঞান নিবৃত্ত হয়। তখন সেই মুক্ত হৃদয়ে গুরুকৃপার অর্থাৎ পরমেশ্বরের অনুগ্রহের ফল প্রত্যক্ষ অনুভব করা যায়। বলা বাহুল্য, এই অনুভবের রূপ নিজেকে শিবরূপে বোধ করা। এই অনুভব অমূলক নহে, কারণ শিবত্বের আবরণরূপী মল নিবৃত্ত হওয়ার সঙ্গে সঙ্গে যে স্বরূপটি প্রকাশিত হয় তাহা বৌদ্ধজ্ঞানজনিত বৌদ্ধ অজ্ঞান-নিবৃত্তির পরে হৃদয়ে

প্রতিফলিত হইয়া উঠে। ইহাই জীবন্মুক্তির সূচনা ও মানব জীবনের পরিপূর্ণ সার্থকতা। দেহান্তে বুদ্ধিরূপী ঘট ভাঙ্গিয়া গেলে আত্মা শিবরূপে বিরাজমান হয়, বুদ্ধির প্রশ্ন তখন আর থাকে না। এই প্রাপ্তি কোন অভিনব বস্তুর প্রাপ্তি নহে। আত্মা যে স্বয়ং শিবরূপী তাহা সে ভুলিয়া গিয়াছিল। বিস্মৃতির অপগম হইলে স্মৃতির পুনরুদয় বশতঃ আত্মা শিবরূপে প্রতিষ্ঠিত হয়। ইহাই তাহার পরম লাভ। ইহা না পাইলে শুধু কৈবল্য অবস্থায় স্থিত হইয়া কর্ম্মের অতীত হইলেও পশুত্ব নিবৃত্ত হয় না বলিয়া পূর্ণত্ব লাভ বাকী থাকে যায়। কালান্তরে ঐ মলটুকু দূর করা একান্ত আবশ্যক হইয়া পড়ে। কারণ তাহা না হওয়া পর্য্যন্ত আত্মার নিজ স্বরূপভূত শিবত্ব অপ্রাপ্ত থাকিয়া যায়।

"লে আও কেলা পাত্তা" *

শ্রীঅনিলচন্দ্র গঙ্গোপাধ্যায়

১৯৫৫ সাল। মায়ের উপস্থিতিতে বালিগঞ্জে দুর্গোৎসব। কলিকাতা শহরে ধুমধাম ক'রে অসংখ্য জায়গাতে দুর্গাপূজা হচ্ছে। তার মধ্যে আমাদের প্যাণ্ডেলটি তিনটি বিষয়ে অদ্বিতীয়—উচ্চতা, আয়তন এবং গভীরতা। উচ্চতার দর্পে সে বহুদূর থেকে সহস্র সহস্র মানুষের দৃষ্টি আকর্ষণ করে; আয়তনের গুণে শত শত মানুষকে স্বচ্ছন্দে আশ্রয় দিতে পারে; আর, গভীরতার জন্য রাজপথ-থেকে-গড়িয়ে-আসা বৃষ্টির জলকে আকর্ষণ-ও করতে পারে, "নির্নিকাশ" আশ্রয়-ও দিতে পারে।

সেদিন ষষ্ঠীপূজা। ফর্দ্দ-মতন বাজার করা হয়েছে। সব জিনিসপত্র পরিদর্শন ক'রে সহসা মা বললেন যে কলাপাতা আর-ও অনেক লাগবে। মা এমন কথা বললেন কেন? কলাপাতা তো যথেষ্ট আনা হয়েছে! কোনও বছরেই তো দুর্গোৎসবে এর চেয়ে বেশী কলাপাতা লাগে না! তবে কি ভাণ্ডারা হবে? কে জানে? মায়ের খেয়াল তো! বিনা বাক্যব্যয়ে স্তূপীকৃত কলাপাতা আনা হ'ল। তার পরে দেখা গেল মায়ের চোখে মুখে একটি অপূর্ব্ব প্রসন্নভাব ফুটে উঠেছে। আচ্ছা, কলাপাতা কী এমন অপূর্ব্ব-বস্তু যা'র জন্য মায়ের এতো আগ্রহ! এই সুসজ্জিত প্যাণ্ডেলে মহামূল্য কতো আর্টের জিনিষ রয়েছে, তার দিকে মা একবার ফিরে-ও তাকালেন না; অথচ সামান্য কলাপাতা দেখে মায়ের খুশী-খুশী ভাব! মায়ের খেয়ালের কারণ বোঝা অসম্ভব। হয়তো বা এমন-ও হতে পারে সবটাই আমাদের মন-গড়া কল্পনা। বাস্তবিক কলাপাতার জন্য মা খুশী-ও নয়, অ-খুশী-ও নয়।

---

* "মাকে-নিয়ে—আবোল-তাবোল সমিতি"-র সমবেত অনুভূতি অবলম্বনে।

সে-বারে পূজা হয়েছিল কার্ত্তিক মাসে। হেমন্তকালে কলকাতাতে সাধারণতঃ বর্ষা হবার কথা নয়। কিন্তু সন্ধ্যাবেলা সুরু হ'ল মুষলধারে অবিশ্রান্ত বর্ষণ—যেন শ্রাবণমাসের চেরাপুঞ্জী। সারা রাত বৃষ্টির পরে মহাসপ্তমীর সকাল বেলা দেখা গেল—রাজপথ-নর্দ্দমা-ফুটপাথ-প্যাণ্ডেল সব একাকার হয়ে জল থৈ থৈ করছে; "সর্ব্বতঃ সংপ্লুতোদক" অবস্থা। মায়ের কি এবারে নৌকাতে আগমন?

প্যাণ্ডেলের পূর্ব্বপ্রান্তে দ্বীপের মতন জেগে রয়েছে ইট-দিয়ে-গড়া পূজামণ্ডপ, আর তার উপরে দক্ষিণ-কলিকাতা-কেঁচো-সম্প্রদায়ের মহাসম্মিলনী। এই সরীসৃপ-সংকুল পূজামণ্ডপে কোথায় থাকবে পূজার উপকরণ, নৈবেদ্য; কোথায় বসবেন পুরোহিত, তন্ত্রধারক; কোথায় পাতা হবে মায়ের আসন? সকলে তো হতবাক্। উদ্যোক্তাদের মধ্যে একজন অশ্রুসিক্ত রুদ্ধকণ্ঠে গান ধরলেন—

"যে ভাল করেছো কালী আর ভাল-তে কাজ নাই।"

মা হাসতে লাগলেন। সে-হাসির অর্থ বুঝি বা এই :—"আর ভাল-তে কাজ নাই বলছিস্ কি? কোন্‌টা ভাল আর কোন্‌টা মন্দ সে-জ্ঞান কি তোদের আছে? মজা লাগিয়ে দিয়ে আমি হাসছি, আর দেখছি তোরা কী করিস্।"

মায়ের কাছ থেকে নির্দ্দেশ পাওয়া গেল যে সেই স্তূপীকৃত কলাপাতা সদ্ব্যবহার করবার সময় এসেছে—মঙ্গলকাজেই কলাগাছ লাগে, আপাততঃ কলাপাতা দিয়ে কেঁচো ঢাকতে হবে। নিমেষের মধ্যে পূজামণ্ডপের রূপান্তর ঘটলো। এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্য্যন্ত কলাপাতার আস্তরণে একটি অখণ্ড-পরিব্যাপ্ত শ্যামল-শোভা ফুটে উঠল। সেই সুবিস্তীর্ণ শ্যামলিমার পূর্ব্বপ্রান্তে দশভুজা দুর্গাপ্রতিমা—মায়ের রঙ আতসী ফুলের মতন; তার পশ্চিম প্রান্তে আমাদের আনন্দময়ী মা—মায়ের অঙ্গের কান্তিতে দিব্য বিভা।

বহির্বিশ্বে তখনো চলেছে জল-ঝড়ের প্রলয় লীলা। অবনী কম্পমান। মা বললেন, আপন মনে,—আর-ও বৃষ্টি, আর-ও বৃষ্টি। হ'ল-ও তাই—আর-ও বৃষ্টি, আর-ও বৃষ্টি। সে-বৃষ্টির বিরাম নেই। পর্য্যবসানের কোনও লক্ষণ নেই। আমাদের মনে আশঙ্কা হয়েছিল অসময়ের এই দারুণ দুর্যোগে বুঝি বা শারদীয়া

পূজার সব আয়োজন বিশৃঙ্খল হয়ে যাবে। অবশেষে মা হাসলেন। বর্ষা থামলো; নীল আকাশ দেখা দিল; সূর্য্য হাসলেন। দুর্গাপূজা সুশৃঙ্খলায় সুসম্পন্ন হয়ে গেল। মা স্বয়ং বললেন "মা পূজা গ্রহণ করেছেন।"

"মাকে-নিয়ে—আবোল-তাবোল সমিতি"-র এক বিশেষ অধিবেশন। প্রসঙ্গ—পূজামণ্ডপের কলাপাতা।

প্রথম বন্ধু—দেখলে! মা কি রকম আগে থেকে কলাপাতা ব্যবস্থা ক'রে রেখেছিলেন। কেঁচো ঢাকতে কলাপাতা!* এমন লীলা কেউ কখনো দেখেছে!

দ্বিতীয় বন্ধু—এই যে ব্যাপারটা ঘটে গেল, এর মধ্যে কতো বড়ো একটা রহস্যাবৃত রূপক রয়েছে তার তাত্ত্বিক ব্যাখ্যা করি, শোন। ঐ মেরুদণ্ডহীন কেঁচোগুলি হচ্ছে জীবের মনের পঙ্কিল সংস্কারের প্রতীক। পূজামণ্ডপটি হল আমাদের জীবনের রঙ্গমঞ্চের প্রতীক। জীবনের ভূমিতে যখন পঙ্কিল সংস্কারের প্রাদুর্ভাব ঘটে, তখনই প্রয়োজন হয় সমগ্র জীবনব্যাপী একটি আশ্রয়, যেমন নাম। কলাপাতার মণ্ডপ-ব্যাপী আস্তরণটি নামরূপী জীবন-ব্যাপী আশ্রয়ের প্রতীক।

তৃতীয় বন্ধু—ভাই, আমি মূর্খ মানুষ। তুমি সহজ কথা-ও এতো জটিল করে বলো যে আমার মাথা গুলিয়ে যায়। নামীর প্রতীক যে নাম একথা অনেকের মুখে শুনেছি। তুমি আবার আর এক ধাপ এগিয়ে যাচ্ছ—তুমি বলছো নামীর প্রতীক নাম; এবং নামের প্রতীক কলাপাতা। স্বয়ং মাকে আমরা পেয়েছি—প্রতীকের প্রতীক নিয়ে এতো মাথা ঘামাই কেন?

দ্বিতীয় বন্ধু—প্রতীক-তত্ত্বটি ভাল রকম আয়ত্ত না হ'লে সেই পরম তত্ত্ব পূর্ণব্রহ্মের সর্ব্বব্যাপিত্ব ও সর্ব্বজ্ঞত্ব ধারণার মধ্যে আসবে না। আমি বোঝাতে চেয়েছিলাম সমগ্র-পূজামণ্ডপ-ব্যাপী ঐ কলাপাতা কিসের প্রতীক? সেই, যাঁর

---

* মাকে এই লেখাটি শোনানো হয়েছিল। মায়ের কথায় বোঝা গেল যে কেঁচোগুলি কলাপাতা ফুঁড়ে ওপরে ওঠবার চেষ্টাও করেনি; নীচের দিকে গর্ত্ত খুঁড়ে মাটির ভিতরে ঢুকে গিয়েছিল; তারা রেখে গিয়েছিল শুধু গুঁড়ো গুঁড়ো মাটি। নৈবেদ্য বা পূজার উপকরণের সঙ্গে কেঁচোর কোনও সংস্পর্শ ঘটেনি।

সম্বন্ধে উপনিষদের ঋষি বলেছেন "ঈশা বাস্যমিদং সর্ব্বং।" এ-বিষয়ে পুরাণ এবং যোগবাশিষ্ঠ রামায়ণ থেকে-ও ভুরি ভুরি প্রমাণ দেখানো যায়।

তৃতীয় বন্ধু—আচ্ছা! তুমি কি অং বং ছাড়া কথা বলতে পার না? বলেছি তো আমি মুর্খ-মানুষ; ঐ সব সংস্কৃত বুলি বুঝতে পারি না। মাকে ভালবাসি, মায়ের নাম করতে ভাল লাগে। এসো, বরং এক সঙ্গে মা-নাম কীর্ত্তন করা যাক।

দ্বিতীয় বন্ধু—(তৃতীয় বন্ধুর প্রস্তাবে কর্ণপাত না ক'রে) ছাখো! মূর্ত্তি যেমন দৃষ্টিগ্রাহ্য প্রতীক, নাম তেমনি শ্রুতিগ্রাহ্য প্রতীক। নামরূপের পারে যেতে হলে তত্ত্বজ্ঞান প্রয়োজন। সেইজন্যই প্রতীকতত্ত্বের সার্থকতা। এ বিষয়ে তিন রকম মতবাদ আছে, তার মধ্যে.........

তৃতীয় বন্ধু—(দ্বিতীয় বন্ধুকে বাধা দিয়া) এতো মতবাদ নিয়ে কি হবে? বরং কেউ যদি মায়ের লীলা শোনাতে পার, তাহলে প্রাণটা জুড়িয়ে যায়।

চতুর্থ বন্ধু—সত্যি ভাই, আমারও মতবাদ জানবার আগ্রহ নেই, আমার কাছে মায়ের লীলা নামের চেয়ে-ও যেন বেশী মিষ্টি লাগে।

পঞ্চম বন্ধু—আমার ভাই, তত্ত্ব বোঝবার মতন বিদ্যে নেই; নাম করবার মতন গলা নেই। মায়ের লীলা দেখতে ভালবাসি, শুনতে ভালবাসি, বলতে ভালবাসি, লিখতে ভালবাসি। পূজামণ্ডপের ঐ কলাপাতা নিয়ে মায়ের একটি মধুর লীলা আমি দেখেছি। শুনবে?

প্রথম, তৃতীয় ও চতুর্থ বন্ধু—বলো ভাই, বলো!

পঞ্চম বন্ধু—কালীপূজা উপলক্ষে মা তখন রাঁচির আশ্রমে। একদিন সন্ধ্যাবেলা মা শয়নমন্দিরে খাটের উপরে বসে বিশ্রাম করছেন। ঘরটি ছোট্ট। মেঝেতে কার্পেটের উপরে বসে রয়েছেন পাঁচ ছয় জন মাতৃ-সন্তান। সৌভাগ্যক্রমে সেদিন কোনও প্রোগ্রাম ছিল না ব'লে মাকে একান্তে পাওয়া সম্ভব হয়েছিল। মায়ের "বাবা-"রা কেউ সে-ঘরে ছিলেন না। মায়ের ভাবটি এতো "ফ্রী", যে নিজের শ্রীচরণ দু'খানিকে চাদর দিয়ে ঢাকবার মুহুর্মুহু চেষ্টাও নেই। মা একটানা

কথা বলে যাচ্ছেন—নিছক ঘরোয়া কথাবার্ত্তা। পাঁচ-কথার মধ্যে উঠলো কলকাতার দুর্গোৎসবের কথা। মা হাসিমুখে, অনুপম ভঙ্গিতে অনর্গল ভাষায় বর্ণনা করে-ই যাচ্ছেন। বিষয়—সেই বর্ষাপ্লাবিত প্যাণ্ডেল আর সেই সরীসৃপ-সংকুল পূজামণ্ডপ। সেই দুর্যোগে কলাপাতার সাহায্যে আমাদের কি রকম লজ্জা নিবারণ হয়েছিল সেই ঘটনার বিস্তারিত বিবরণ দিয়ে, মা বিশেষ ক'রে বললেন বিদেশী অতিথিদের কথা। যারা বঙ্গদেশের দুর্গোৎসব এইবার প্রথম দেখল তারা হয়তো বা মনে ক'রে থাকবে যে পূজামণ্ডপে কলাপাতা বিছিয়ে দেওয়া দুর্গাপূজার একটি অঙ্গ। আর-ও রস দিয়ে মা বলতে লাগলেন তা'রা হয়তো ভেবেছে মা যখন নিজে দাঁড়িয়ে থেকে কলাপাতার ব্যবস্থা করেছেন, তখন নিশ্চয় এটি একটি বিশেষ প্রয়োজনীয় অঙ্গ। তাদের দেশে যদি দুর্গোৎসবের আয়োজন হয়, তাহলে তারা কি করবে? মা বললেন—তারা হয়তো বলবে "লে আও কেলা পাত্তা।" অর্থাৎ "আনো কলাপাতা!"

মায়ের কথা শুনে সকলে হাসলো। কিছুক্ষণ পরে সকলের হাসি শেষ হ'ল। কিন্তু মায়ের হাসির শেষ নেই। মায়ের হাসি অকারণ। মায়ের হাসি অবারণ। সে হাসি গোমুখী ধারার মতন অজস্র, উচ্ছল, অনবদ্য। সে-হাসির লহর লীলায় রাঁচির আশ্রমটি ছন্দিত, স্পন্দিত হয়ে উঠলো।

কিছুক্ষণ পরে মৌনের ঘণ্টা পড়লো। সেদিনের সেই নীরব সন্ধ্যায়, রাঁচি-আশ্রমের নির্জ্জন, অন্ধকার শয়ন মন্দিরটি মায়ের সেই হাসির স্পন্দনে প্রাণবন্ত হয়ে উঠেছিল। মৌনান্তে আবার ঘণ্টা পড়লো। তখন মায়ের মুখের অট্টহাস্য থেমে গেছে; কিন্তু মায়ের ওষ্ঠ ধরে সেই অনুপম মধুর হাসিটি লেগে-ই রয়েছে। জয় মা।

কিষণপুর আশ্রমে শিবপ্রতিষ্ঠা

শ্রীরণজিৎ কুমার বন্দ্যোপাধ্যায়।

ইং ১৯৪৩ সাল, যখন দ্বিতীয় মহাযুদ্ধ ভয়ঙ্কর রূপ ধারণ করিয়াছিল, সে সময় পূজার ছুটিতে আমরা মুসৌরী বেড়াইতে গিয়াছিলাম। কিন্তু তখন দেরাদুন হইয়া সোজা গিয়াছি আর ফিরিয়াছি. ভাল করিয়া কিছু দেখিবার বা অনুভব করিবার অবকাশ পাই নাই।

দেহ্‌রাদূন অর্থাৎ দ্রোণভূমি। পুরাকালে এই স্থানে দ্রোণাচার্য্যের আশ্রম ছিল, আর এইখানেই তিনি পাণ্ডু ও কুরুপুত্রদিগকে যুদ্ধশিক্ষা দিতেন। কাজেই হাজার হাজার বৎসর কাটিবার পর ইংরেজ সরকার যে এই স্থলেই যুদ্ধবিদ্যার শিক্ষালয় স্থাপনা করিয়াছিলেন, তাহাতে আর বিচিত্র কি ?

দেরাদূন সহর হইতে রাজপুরের ভিতর দিয়া মুসৌরীর দিকে যে পুরাতন পাকদণ্ডী চলিয়া গিয়াছে, সেই ৩০০০-৩৫০০ ফিট উচ্চ সমতলভূমি হিমালয় ও শিবলিঙ্গ পর্ব্বতশ্রেণীর মধ্যভাগে বিস্তৃত। এই পুণ্যভূমিতে পুরাকালে নিশ্চয়ই বহু মনোরম তপোবন ও আশ্রম বিরাজ করিত। কল্যাণ বনে অদ্যাবধি প্রভাতে অথবা সন্ধ্যায় নিভৃতে বসিলেই এই সত্যের অনুভূতি হয়।

১৯৪৯-৫০ সালের মধ্যে বহুবার দেরাদুন মুসৌরী বেড়াইয়া গিয়াছি। রাজপুর রোড হইতে যেখানে নূতন মুসৌরী রোড বাহির হইয়াছে, সেই স্থানটি যতবার অতিক্রম করিয়াছি, ততবারই মনে হইয়াছে, কর্ম্মজীবনের অবসর হইলে এই জায়গায় বাস করিলে মন্দ হয় না।

আরও একটি কারণ ছিল। স্বর্গীয় পিতৃদেব রুড়কী হইতে ইঞ্জিনীয়ারিং পাশ করিয়াছিলেন, এবং দূন উপত্যকার পর্ব্বতে জঙ্গলে জরীপের কাজে বহুবার ভ্রমণ করিয়াছিলেন। পরিণত বয়সে আমাকে বলিয়াছিলেন যে তাঁহার দেরাদুনে বসবাস করিতে বড় ইচ্ছা ছিল, কিন্তু সে ইচ্ছা তাঁহার পূর্ণ হয় নাই।

ভবানীর সাত বৎসর বয়স হইতেই শিবপূজায় বিশেষ অনুরাগ ছিল। ১৯৫১ সালে বম্বেতে থাকিবার সময় হইতে সে শিবমন্দির সংক্রান্ত নানাবিধ স্বপ্ন দেখিতে আরম্ভ করিল। বিশেষ করিয়া বৃহৎ বাণলিঙ্গের মূর্ত্তি সে প্রায়ই দর্শন করিত। একদিন ভবানী স্পষ্টই দেখিল, যেন দুইটি সুউচ্চ মন্দির পাশাপাশি দণ্ডায়মান রহিয়াছে, একটিতে দেব ও অপরটিতে দেবীমূর্ত্তি, দুই মন্দিরেরই দ্বার রুদ্ধ, কিছু দূরে অপর একটি গোলাকৃতি ক্ষুদ্রতর মন্দির রহিয়াছে। তাহার ভিতর সাপের সহিত শিব বিদ্যমান আছেন।

ছোট হইতেই ভবানী শ্রীশ্রীমায়ের অত্যন্ত অনুগত। মার নিকট প্রায়ই সে শিবভিক্ষা করিত। বম্বে হইতে ১৯৫২ সালে কলিকাতায় ফিরিয়া আসিলে ভবানী স্বপ্নের বিষয় জানিতে উৎসুক হইয়া মার নিকটে যাইবার আবেদন করিয়া পত্র লেখে। তাহার পর মার নিকট কাশীর আশ্রমে উপস্থিত হইয়া বিশ্বনাথ দর্শন করে। কিন্তু সে মূর্ত্তি দেখিয়া তাহার মনের আকাজ্ক্ষা পূর্ণ হয় নাই। নিজের বাণলিঙ্গ পাইবার ইচ্ছা আরও প্রবল হইয়া উঠে। মাকে এই সময় মন্দিরসংক্রান্ত প্রশ্ন করিলে মা বলিয়াছিলেন, "এখনও তোর মন্দিরের সময় হয় নি।"

১৯৫৪ সালে গুরুপূর্ণিমা উপলক্ষে ভবানী পুনরায় মার নিকট কাশীর আশ্রমে যায়। সে সময় আশ্রমে নর্ম্মদা হইতে আনীত বহু বাণলিঙ্গ শিব বিরাজ করিতেছিলেন। কাশীতে উপস্থিত হইয়া ভবানী শিব ভিক্ষা করিলে মা আদেশ করেন যেন তাহাকে একটি বাণলিঙ্গ প্রদান করিবার সব ব্যবস্থা ঠিকমত করিয়া দেওয়া হয়।

মার আদেশক্রমে কাশীর আশ্রমে গুরুপূর্ণিমার পুণ্যতিথিতে নারায়ণ স্বামীজী ভবানীর জন্য বাণলিঙ্গের বিচার করিয়া দিলেন। চালের সহিত ওজন করিয়া প্রমাণ হইল যে লিঙ্গটি আকারে বড় হইলেও ওজনে কম, অতএব গৃহস্থ গৃহে বাসের উপযোগী বলিয়া সেই বাণলিঙ্গই ভবানীর জন্য নির্ব্বাচিত হইলেন। তখন শ্রীমার ঘরে রূপার থালায় রূপার জলপাত্র হইতে ঝারি দিয়া শিবের স্নানাভিষেক হইল। মা বার বার ভবানীকে বলিলেন, "বড় ঐশ্বর্য্যবান্ শিব ইনি।" দিদি, স্বামীজি,

নারায়ণ স্বামীজি প্রভৃতি সকলে মিলিয়া মার সম্মুখে হর হর ব্যোম ব্যোম শব্দে চতুর্দ্দিক ধ্বনিত করিয়া বাণলিঙ্গ গৌরীপীঠসমেত ভবানীকে অর্পন করিলেন। ভবানীর নিকট সে এক অপূর্ব্ব মুহূর্ত্ত।

পরে ভবানী আমাকে বলিয়াছিল যে মা এই সময় একাধিকবার আমার স্বর্গীয় পিতার নাম ধাম ইত্যাদি জিজ্ঞাসা করিয়াছিলেন। বোধ হয় পূর্ব্বপুরুষদিগের সহিত তখন মার কোনও সংযোগ হইয়াছিল।

এই অনুষ্ঠানের পর মা ভবানীকে তাঁহার সহিত দেবাদূন যাইতে বলিলেন। ভবানীর সঙ্গে আমার জাঠতুত দিদিও কাশী গিয়াছিলেন। দুই জনই মার সহিত যাইতে প্রস্তুত হইলেন। বাণলিঙ্গ কাশীর আশ্রমেই অন্নপূর্ণার মন্দিরে রহিয়া গেলেন। পথিমধ্যে ট্রেনে মা ভবানীকে শিবতত্ত্ব সম্বন্ধে বহু উপদেশ দিলেন এবং মন্দিরে বাণলিঙ্গ স্থাপনা করিবার কথাও উল্লেখ করিলেন। দেরাদূনের পথে মা সহসা সকলকে লইয়া হরিদ্বারে নামিয়া গেলেন। সকলেরই হরিদ্বার মহাতীর্থে সোলনরাজের ধর্ম্মশালায় তিনরাত্রি কাটিল।

সোলনরাজের মন্দিরে প্রবেশ করিয়াই ভবানী অপূর্ব্ব পঞ্চানন মূর্ত্তি দেখিয়া তৎক্ষণাৎ তিন বৎসর পূর্ব্বে আর একটি স্বপ্নে-দেখা শিবমূর্ত্তি চিনিতে পারিল। ওই মন্দিরেই সেদিন বিশেষ শিবপূজার অনুষ্ঠান হইল, মা পূজার সময় নিজেই বসিয়া রহিলেন।

পর দিবস মা সকলকে লইয়া সপ্তধারা দেখাইলেন, এবং সপ্তর্ষি আশ্রমে গমন করিলেন। সেইখানে পৌঁছিয়া শ্রীগণেশ দত্তজীকে সম্বোধন করিয়া মা বলিলেন, "আজ সপ্তর্ষি আ গয়া।" পরে হরিদ্বার হইতে যাত্রা করিবার সময় মা ভবানীকে বলিয়াছিলেন যে আমাদের বাণলিঙ্গের নামকরণের জন্যই ওই স্থানে আগমন হইয়াছিল। সেই পুণ্য তীর্থধামে গঙ্গাবক্ষের উপর, যেখানে গঙ্গাদেবী মহাদেবের শিরে অবতীর্ণা হইয়া কোটি কোটি নরনারী দ্বারা পূজিত হইয়া আসিতেছেন, সেই পবিত্রধামে আমাদের শিবের নামকরণ হইল "গোপেশ্বর।"

দেরাদুনে কয়েক ঘণ্টা কাটাইয়া ভবানী কাশীতে ফিরিয়া আসিল এবং

সেখানে দুই রাত্রি যাপন করিয়া গোপেশ্বরকে লইয়া কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিল। যেদিন গোপেশ্বর আমাদের গৃহে প্রবেশ করিলেন, সেই রাত্রে ভবানীর পুনরায় স্বপ্নে দর্শন হইয়াছিল। এইস্থানেই গোপেশ্বরজি প্রায় ৫ বৎসর পূজা পাইলেন। যে-ঠাকুরঘরে অন্যান্য দেবদেবীর সহিত গোপেশ্বরের পূজা হইত সেখানে বিভিন্ন ব্যক্তি একাধিকবার অলৌকিক অনুভূতি লাভ করিয়াছে।

ইতিমধ্যে কোথায় মন্দির নির্ম্মিত হইবে, এই প্রসঙ্গে ভবানী মার সহিত আলোচনা করিলে মা বলেন যে আমাদের কলিকাতার বাটী-সংলগ্ন উদ্যানে যে ফুঁসের একটি ঘর করা ছিল সেই স্থানটিই তাঁহার খেয়ালে একটু আসিতেছিল। ভবানীর মনেও এতদিন এই ইচ্ছাই ছিল, যে ওই বাগানের ছোট গোল ঘরটিতে মাকে আনিয়া রাখে, এবং ওই স্থানেই মন্দির প্রতিষ্ঠা হউক। এই উদ্দেশ্যে সে স্বামীজির নিকট হইতে নক্সা ইত্যাদি সংগ্রহও করিয়াছিল। ইহাতে হরিদ্বারে সোলনরাজ প্রতিষ্ঠিত শিবমন্দিরে ঊর্দ্ধ ভাগের অনুকরণ করা হইয়াছিল।

কিন্তু এ-সম্বন্ধে চিন্তা করিয়া দেখিলাম যে বাড়ীতে মন্দির প্রতিষ্ঠা করা বোধ হয় ঠিক সমীচীন হইবে না। আমার পূর্ব্বপুরুষেরা চন্দননগরের বকুলতলা অঞ্চলে বৃহৎ অট্টালিকা নির্ম্মাণ করিয়াছিলেন, সেখানে পুরাতন বকুলবৃক্ষের মূল এখনও বর্ত্তমান আছে, কিন্তু প্রকাণ্ড মন্দিরের ভিত্তিটুকু ভিন্ন আর কিছুই দৃষ্ট হয় না, আর বাসস্থানের চিহ্নমাত্রও নাই। আমার পিতামহ পুনরায় নদীর ধারে একটি কালীমন্দির প্রতিষ্ঠা করিয়াছিলেন, কিন্তু দৈবনির্দ্দেশে সে-মন্দিরও তাঁহার হাতছাড়া হইয়া যায়।

এই সমস্ত বিবেচনা করিয়া স্থির করিলাম যে এমন একস্থানে গোপেশ্বরের স্থাপনা করা উচিত, যেখানে আমার বংশধরগণ কর্ত্তৃক দেবসেবার যেন কোনও ত্রুটির সম্ভাবনা না থাকে। পূর্ব্বেই উল্লেখ করিয়াছি যে দেরাদুনের প্রতি কেমন যেন আকর্ষণ হইয়া গিয়াছিল, কাজেই কিষণপুর আশ্রমেই মন্দির প্রতিষ্ঠা সংকল্প করিয়া ফেলিলাম। ভবানী এই বিষয়ে পরে মাকে পত্র লেখে এবং মার পূর্ণ সম্মতি পাওয়া যায়। কিন্তু দেরাদুন আশ্রমে শিবমন্দির প্রতিষ্ঠার ব্যাপারে আমরা কেবল

নিমিত্তমাত্র বই নহি। পরে জানিতে পারিয়াছিলাম যে কিষণপুর আশ্রমের সহিত ভোলানাথের পুণ্যস্মৃতি বহুদিন হইতেই জড়িত। সেই মহাত্মা সাধুপুরুষ কিষণপুরেই দেহরক্ষা করিয়াছিলেন। তাঁহার স্মৃতিরক্ষার উদ্দেশ্যে তথায় মন্দির নির্ম্মাণ করার প্রস্তাব পূর্ব্বেই হইয়াছিল। এখন ভবানী মার নিকট আমাদের ইচ্ছা ব্যক্ত করাতেই দিদি তৎক্ষণাৎ মনে করিলেন যে সেই সংকল্প কার্য্যে পরিণত করিবার বোধ হয় ইহাই সুযোগাযোগ। অতঃপর দৈব অভিপ্রায়ে আরও অনেকে উদ্যোগী হইয়া অগ্রসর হইয়া আসিলেন। তখন আর মন্দির প্রতিষ্ঠার কোনও অন্তরায় রহিল না। প্রথম হইতেই স্থির হইয়াছিল যে দুইটি মন্দির হইবে,—একটি বাবা ভোলানাথের নামে, অপরটি শ্রীশ্রীমাতৃমন্দির।

কর্ম্মবীর পরমানন্দ স্বামীর সহিত আমার প্রথম সাক্ষাৎ হয় ১৯৫৪ সালে পৌষ মাসে কাশীর আশ্রমে, তখন মাকে লইয়া স্বামীজির সহিত একদিনের জন্য বিন্ধ্যাচলে বেড়াইতে যাইবার সৌভাগ্য আমার হইয়াছিল।

১৯৫৭ সালের গ্রীষ্মকালে স্বামীজি কলিকাতায় আমাদের বাড়ীতে আসেন, তখন পুরাপুরিভাবে মন্দির নির্ম্মাণ কার্য্যের আলোচনা হয়। সেই বৎসরেই আগষ্ট মাসে কর্ম্মসূত্রে আমি দেরাদুন গিয়া মন্দিরের স্থান ভাল করিয়া নিরীক্ষণ করিয়া আসি। সেপ্টেম্বর মাস হইতে মন্দিরের কাজ আরম্ভ হয়। কিন্তু যথোপযোগী আয়োজন তখনও হইয়া উঠে নাই বলিয়া কাজ ধীরে ধীরেই চলিতে থাকে। ১৯৫৮ সালে মার্চ্চ মাসে আমি যখন পুনর্বার দেরাদুন যাইবার সুযোগ পাই, তখন মন্দিরের ভিত্তি নির্ম্মিত হইয়াছে, চতুর্দ্দিকের দেয়ালও কিছুটা হইয়াছে, কিন্তু ছাতের আরম্ভই হয় নাই। এই অবস্থায় কিছুকাল কাজ বন্ধ থাকার পর মা শুভকাজ শীঘ্র হওয়ার জন্য উৎসাহ প্রদান করিলেন। ভোলানাথ কর্ত্তৃক স্বপ্নে-দীক্ষিতা এক শিষ্যা মৃত্যুর পূর্ব্বে জোগাড় করিয়া যে অর্থ রাখিয়া গিয়াছিলেন, উহার দ্বারা মন্দির গঠনের কাজ পুনর্বার আরম্ভ করা হইল।

১৩৬৫ সনের ১লা বৈশাখ (ইং ১৯৫৮ সালের এপ্রিল মাসে) শ্রীমা আমাদের গৃহে পদার্পণ করিয়া উদ্যান সংলগ্ন সেই গোল ঘরটিতে তিন দিন বাস

করেন। পূর্ব্বে ভবানী এইখানেই শিবমন্দির প্রতিষ্ঠার কল্পনা করিয়াছিল বলিয়া মা নিজেই সেই ঘরটির নাম রাখিলেন "শিবালয়।"

সেই বৎসরই পুত্রের স্কুলের ছুটি উপলক্ষে আমি মুসৌরীর পথে ৬ই অক্টোবর দেরাদুনে উপনীত হই। পূর্ব্ব হইতে কোনরূপ বন্দোবস্ত করি নাই, কিন্তু বোধ করি কিষণপুর আশ্রমে সেদিন মা আমার প্রতীক্ষাই করিতেছিলেন। আশ্রমে উপস্থিত হইতেই মা বলিলেন, "তোমার জন্য ঘর ঠিকই আছে বাবা।" মন্দির সম্বন্ধে নানা প্রকার আলাপ হইল। এই প্রসঙ্গে মা আমাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, "বাবা, তোমার কি আর কাহারো সাথে মিলিয়া শিবস্থাপনা করিতে আপত্তি আছে? যদি থাকে, তাহা হইলে একলার জন্যেও ব্যবস্থা আছে।', উত্তরে আমি বলিলাম "মা, আপনি যদি বলেন আর সকলের সঙ্গে একত্র হইয়া শিবপ্রতিষ্ঠা কর, তাহাতে আমার আপত্তি হইতেই পারে না। বরং আমাদের শিব যদি অন্য বিশিষ্ট শিবলিঙ্গদের সহিত বসেন তাহা হইলে তো আমাদেরই সৌভাগ্য।" শুনিয়া মা হাসিলেন এবং স্বামীজিকে বলিয়া দিলেন, যেন গোপেশ্বরের গৌরীপিঠের মাপ সঠিক ভাবে জানিয়া নেওয়া হয়, কারণ এক সঙ্গে একই বেদীর উপর সাতটি শিব বসিবেন। সেইদিন প্রথম জানিতে পারিলাম যে একত্রে সাতটি বাণলিঙ্গ প্রতিষ্ঠার ব্যবস্থা হইয়াছে। তৎক্ষণাৎ হরিদ্বারে সপ্তর্ষি আশ্রমে ভবানীর সম্মুখে মা যাহা বলিয়াছিলেন, সেই কথা মুহূর্ত্তের মধ্যে মনে পড়িয়া গেল "আজ সপ্তর্ষি আ গয়া।" স্থির হইল, আগামী শিবরাত্রির পুণ্যতিথিতে শিবপ্রতিষ্ঠা হইবে।

—ক্রমশঃ

মা

গোপাল

আমার মাগো,
বিজয়ার দিনে,
বিদায়ের ক্ষণে,
ভাসিয়া অশ্রু নীরে,
তোমারে প্রণমি,
জগৎ জননী,
দাঁড়ায়ে রহিব দূরে।

কেন তা জানি না,
বুঝিতে পারি না,
তুমি কেন চলে যাবে ?
কে নেবে তোমার
সন্তান ভার,
তুমি না রহিবে যবে ?

ব্যথা নাহি পাবে,
সন্তান যবে,
কাঁদিয়া ডাকিবে 'মা' ?
মা কি কভু পারে
সন্তানে ছেড়ে,
থাকিতে বিন্দু লহমা ?

যাওয়া অভিনয়,
কভু সত্যি নয়,
তুমি যে আমার মা।
এ শুধু তোমার
আশীষ দেবার
স্নেহ সিঞ্চিত ছলনা।

আঘাতে বেদনা
হানিতে দিও না,
ভালবেসে টেনে নিও।
ব্যথিতের তরে,
অশ্রু যেন ঝরে,
পরাণে করুণা দিও।

আর্ত্ত আঁখি জল,
মুছিতে কেবল,
প্রাণ যেন সদা চায়।
আমারি কারণে,
যেন অকারণে,
ব্যথা কেহ নাহি পায়।

তব সন্তানে,
যেন মনে প্রাণে,
সেবা মোর দিতে পারি।

মানবের মাঝে
রব সেবা কাজে,
অহং লইও হরি।

তোমার সেবার,
নিষ্ঠা আমার,
কিছু নাই তাহা জানি।
ভক্ত পদধূলি
শিরে লব তুলি,
নম্র বিনয়ে নমি।

"তাঁহাকেই একমাত্র প্রয়োজন। আর সব অপ্রয়োজন। তাঁকে বিনা মানুষের চলে না, ছেড়ে চলবার জায়গা নেই। সেজন্য বাদ দেওয়া যায় না; বাদ হয় না।"

"মা"

শ্রীশ্রীমা আনন্দময়ী-প্রসঙ্গ

চতুর্থ খণ্ড

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীঅমূল্যকুমার দত্তগুপ্ত, এম-এ, বি-এল

১১ই জ্যৈষ্ঠ, রবিবার, ১৩৪৮ সন (ইং ২৫।৫।৪১) অতি প্রত্যুষে ভক্তগণ আসিয়া ভজন আরম্ভ করিলেন। উহা শুনিয়া আমরা সকলেই শয্যা ত্যাগ করিয়া উঠিয়া বসিলাম। কিছুক্ষণ ভজন শুনিয়া আমরা নীচে আসিয়া প্রাতঃকৃত্য সমাপন করিলাম। একটু বেলা হইলে শ্রীশ্রীমাকে নীচে নামাইয়া আনা হইল এবং সকলকে লইয়া কয়েকখানা ফটো তোলা হইল। ইহার পর শ্রীশ্রীমা বেড়াইতে বাহির হইলেন।

বেড়াইয়া আসিয়া মা নীচের তলায় বসিলেন। শ্রীযুক্ত তরণী চক্রবর্ত্তী মহাশয় কিছুক্ষণ গীতা পাঠ করিলেন। তাহার পর ভক্তগণ কীর্ত্তন আরম্ভ করিলেন। কীর্ত্তন খুব জমিয়া গেল। ভক্তগণ প্রথমে বসিয়া বসিয়া গাহিতে-ছিলেন, এখন তাঁহারা উঠিয়া দাঁড়াইলেন শ্রীশ্রীমাও উঠিয়া দাঁড়াইয়াছেন। মুখখানি আরক্তিম, অধরে মৃদু মৃদু হাসি। কীর্ত্তনের তালে তালে তাহার হাতখানি দোলাইতেছেন। ভক্তগণ উৎসাহিত হইয়া নৃত্য আরম্ভ করিয়া দিয়াছেন। স্থানটিতে যেন তড়িৎপ্রবাহ খেলিয়া যাইতেছিল। উপস্থিত সকলেই কীর্ত্তনে অল্পাধিক মাতিয়া উঠিয়াছিলেন। বেলা ১১টা পর্য্যন্ত কীর্ত্তন হইল। শেষে স্নানাহারের জন্য সকলেই চলিয়া গেলেন।

দিল্লী হইতে কয়েকজন ভক্ত—পঞ্চুবাবু, অমলবাবু, শিবেনবাবু, হরিদাসবাবু প্রভৃতি আসিয়াছেন। আহারান্তে ঘরে বসিয়া আমরা শ্রীশ্রীমায়ের সম্বন্ধে আলোচনা করিতে লাগিলাম। ঘর হইতে বাহির হইবার উপায় নাই। বেলা ৯টা

হইতেই রৌদ্রের তাপ অসহ্য বোধ হইতেছিল। এখন ত কথাই নাই। মনে হইতেছিল, আমাদের ঘরের চতুর্দ্দিকে যেন অগ্নিকুণ্ড প্রজ্জ্বলিত হইয়া আছে।

বিকাল বেলা মহিলারা কীর্ত্তন আরম্ভ করিলেন। শ্রীশ্রীমা তাঁহাদের মধ্যে বসিয়া আছেন। আমরা বারান্দায় বসিয়া বসিয়া কীর্ত্তন শুনিতে লাগিলাম। কিছুক্ষণ পর মা নিজেই গাহিতে লাগিলেন,—

"(জয়) শ্রীকৃষ্ণ চৈতন্য শ্রীমধুসূদন
রাম নারায়ণ হরে।
(জয়) রাম নারায়ণ, রাম নারায়ণ
রাম নারায়ণ হরে॥"

মহিলারা এবং ভক্তগণ মায়ের সঙ্গে সঙ্গে গাহিতে লাগিলেন। এই ভাবে কিছুক্ষণ গান চলিল। পরে মা বেড়াইতে বাহির হইলেন। আমরাও সহর দেখিতে বাহির হইয়া পড়িলাম।

১২ই জ্যৈষ্ঠ, সোমবার, ১৩৪৮ সন (ইং ২৬।৫।৪১) অতি প্রত্যুষেই নামযজ্ঞ আরম্ভ হইল। ভক্তগণ কীর্ত্তন মঞ্চের চারিদিক পরিক্রমা করিয়া কীর্ত্তন করিতে লাগিলেন। একটু বেলা হইলে শ্রীশ্রীমাও আসিয়া কীর্ত্তনে যোগ দিলেন এবং ভক্তদের সঙ্গে সঙ্গে মঞ্চের চারিদিকে ঘুরিতে লাগিলেন। বেলা ৯.১০টা পর্য্যন্ত কীর্ত্তন বেশ চলিল। বেলার সঙ্গে সঙ্গে যতই সূর্য্যের তেজ বাড়িতে লাগিল ততই কীর্ত্তন চালাইয়া রাখা দুরূহ ব্যাপার বলিয়া মনে হইতে লাগিল। ছেলেদের বিশ্রাম দিবার জন্য মাঝে মাঝে মেয়েরা কীর্ত্তন রক্ষা করিতেছিলেন। এরূপ না করিলে উদয়াস্ত কীর্ত্তন চলিত কিনা সন্দেহ!

আজও দুইজন ভক্ত—শ্রীযুক্ত দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় (গুটীবাবু) এবং মনোজবাবু—দিল্লী হইতে আসিয়াছেন। দুর্গাদাসবাবু বৃদ্ধ এবং বাতরোগাক্রান্ত। শ্রীশ্রীমায়ের সহিত তাঁহার প্রথম সাক্ষাৎকারের বিবরণ শুনিলাম। ভদ্রলোকটি বেশ ভাবুক এবং শ্রীশ্রীমায়ের প্রতি শ্রদ্ধান্বিত। শ্রীশ্রীমা দুর্গাদাসবাবু সম্বন্ধে

আমাকে বলিয়াছিলেন, "তোমরা ত বাবাজীর রকম দেখ নাই। সিমলাতে আমাকে দুইদিন রাখিবার জন্য বাবাজী কত জেদ করিয়া থাকে। দুঃখে বাবাজীর দুই চোখ দিয়া জল পড়িতে থাকে আবার সঙ্গে সঙ্গে জেদও চলিতে থাকে। বাবাজীর বাড়ী পানিহাটী এবং বাবাজী বৈষ্ণবভাবে ভাবিত। সিমলায় যখন নামযজ্ঞ হইত তখন বাবাজীর কাজই ছিল সকলকে মালা চন্দন দেওয়া, মালা হাতে করিয়া বাবাজী সারাদিন এক জায়গায় বসিয়া আছে এবং যেইমাত্র কেহ কীর্ত্তন আসরে আসিতেছে অমনি তাহাকে মালাচন্দন পরাইয়া দিতেছে।"

বিকালের দিকে শ্রীশ্রীমা আবার কীর্ত্তন আসরে আসিলেন তখন কীর্ত্তন বেশ জমিয়া গেল। সূর্য্যাস্তের সঙ্গে সঙ্গে কীর্ত্তন বন্ধ হইল। আমরা সন্ধ্যা ৭॥০ টায় আসিয়া বাসে উঠিলাম। তখনই বাস ছাড়িয়া দিল। রাত্রি ১২ টার সময় কিষণপুর আশ্রমে পৌঁছিলাম। শুনিলাম রাত্রিটা এই আশ্রমে কাটাইয়া সকাল বেলা রায়পুর আশ্রমে যাইতে হইবে।

রায়পুর আশ্রমে গমন

